**আল কুরআন**

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

তিনি বললেন হে পালনকর্তা! কেমন করে আমার পুত্র সন্তান হবে, আমার যে বার্ধক্য এসে গেছে, আমার স্ত্রীও যে বন্ধ্যা। বললেন, আল্লাহ এমনি ভাবেই যা ইচ্ছা করে থাকেন।

সূরা আল ইমরান ৪০

দৈনিক

# কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বুধবার ॥ ১৩ মে ২০২৬ ॥ ২৪ জিলক্বদ ১৪৪৭ ॥ ৩০ বৈশাখ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩৫০ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা






## আমাদের সামর্থ্য সীমাহীন না হলেও নতুন কিছু করা সম্ভব: প্রধানমন্ত্রী

**কীর্তনখোলা ডেস্ক**

উচ্চশিক্ষাকে সময়োপযোগী, প্রযুক্তিনির্ভর ও দক্ষতাভিত্তিক করার ওপর গুরুত্বারোপ করেছেন প্রধানমন্ত্রী তারেক ২ এর পাতায় দেখুন



## বিজিবি সতর্ক আছে, যাতে কোনো পুশইন না হয়: স্বরাষ্ট্রমন্ত্রী

**কীর্তনখোলা ডেস্ক**

ভারত থেকে যাতে কোনো পুশইন না হয় সেজন্য বিজিবি সতর্ক আছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। ২ এর পাতায় দেখুন

## সংসদ নির্বাচনে কত টাকা খরচ করলো জামায়াত হিসাব দিলো ইসিতে

**কীর্তনখোলা ডেস্ক**

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দলীয়ভাবে প্রায় সাড়ে ৪ কোটি টাকা ব্যয়ের হিসাব নির্বাচন কমিশনে (ইসি) জমা ২ এর পাতায় দেখুন



## কাঁটাতারের বেড়া দিয়ে কারও সাথে বন্ধুত্ব করা যায় না : নাহিদ ইসলাম

**কীর্তনখোলা ডেস্ক**

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, আমাদের সীমান্তে আবারও হত্যাকাণ্ড হচ্ছে। ২ এর পাতায় দেখুন

### আট দালালকে কারাদণ্ড

# স্বাস্থ্যমন্ত্রী পরিদর্শনের পরদিনই মেডিকেলে অভিযান

**কীর্তনখোলা রিপোর্ট**

স্বাস্থ্যমন্ত্রীর পরিদর্শনের একদিন পরেই বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালে অভিযান পরিচালনা করেছে র‍্যাব-৮। এসময় হাসপাতাল থেকে বিভিন্ন বেসরকারি ডায়াগনস্টিক সেন্টারের আটজন নারী এবং পুরুষ দালালকে আটক করেছে তারা। মঙ্গলবার (১২ মে) বেলা সোয়া ১২টা থেকে বরিশাল জেলা প্রশাসন এবং হাসপাতাল কর্তৃপক্ষের সহায়তায় এ অভিযান পরিচালিত হয়। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাদের বিভিন্ন মেয়াদে কারাদণ্ড দেওয়া হয়েছে। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন- বরিশাল জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট রাজন রায়। আট দালাল হলেন- ঝালকাঠির চাচইর হবিকাঠি এলাকার তাসনিম জাহান মিম (২৩), সদর উপজেলার রায়পাশা-কড়াপুরের হাফিজা আক্তার, কামদেবপুরের সুমি আক্তার (১৯), পটুয়াখালীর মির্জাগঞ্জের চৈতা গ্রামের লাবনী আক্তার নাজমা (২৮) ও ছাবিনা (৩০), সদর উপজেলার চরমোনাই এলাকার মো. রুবেল (২২), নগরীর কাশিপুর এলাকার আয়শা সিদ্দিকা (৩০) এবং একই এলাকার রুমান সরদার (১৭)। অভিযানের নেতৃত্ব দেওয়া বরিশাল র‍্যাব-৮ এর উপঅধিনায়ক মেজর আশিক ইকরাম সৌরভ বলেন, দীর্ঘদিন ধরে শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে দালাল চক্রের কারণে রোগী এবং তাদের স্বজনরা প্রতারিত হয়ে আসছিল। দালাল চক্রকে ধরতে র‍্যাব-৮ গোয়েন্দা তৎপরতা বৃদ্ধি করে। মঙ্গলবার সকাল থেকেই হাসপাতালে সাদা পোশাকে র‍্যাব সদস্যরা গোয়েন্দা নজরদারি শুরু করে। পরে দালাল চক্রকে চিহ্নিত করে বিশেষ অভিযান পরিচালিত হয়। তিনি আরও বলেন, হাসপাতাল ২ এর পাতায় দেখুন



## জুলাই জাদুঘরে স্বৈরাচারের বিরুদ্ধে সংগ্রাম লিপিবদ্ধ থাকবে: স্পিকার

**কীর্তনখোলা ডেস্ক**

জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বলেছেন, 'জুলাই জাদুঘর স্বৈরাচারের বিরুদ্ধে জাতির সংগ্রামের জন্য ভবিষ্যতের অনুপ্রেরণা হয়ে থাকবে। এই জাদুঘর যত দিন টিকে থাকবে, তত দিন এ দেশের মানুষের স্বৈরাচারের বিরুদ্ধে সংগ্রাম লিপিবদ্ধ থাকবে।' মঙ্গলবার জুলাই গণ-অভ্যুত্থান স্মৃতি জাদুঘরের চলমান উন্নয়ন কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন শেষে এসব কথা বলেন স্পিকার। ২০২৪ সালের ২ এর পাতায় দেখুন



নগরীর বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে আলোচনা সভায় বক্তব্য রাখেন প্রধানমন্ত্রীর বিশেষ স্বাস্থ্য বিষয়ক সহকারী (প্রতিমন্ত্রী পদমর্যাদা) এস.এম জিয়াউদ্দিন হায়দার। এসময় উপস্থিত ছিলেন বিসিসি প্রশাসক অ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন -কীর্তনখোলা

# আগামী জুনের মধ্যে 'হেলথ কার্ড' চালুর পরিকল্পনা: জিয়াউদ্দিন হায়দার

**কীর্তনখোলা রিপোর্ট**

স্বাস্থ্যসেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে সরকার নিরবচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী ড. এস. এম. জিয়াউদ্দিন হায়দার। মঙ্গলবার (১২ মে) সকালে বরিশাল শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের সম্মেলনকক্ষে আয়োজিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী বলেন, "স্বাস্থ্যসেবা একটি মৌলিক অধিকার, আর এই সেবা সাধারণ মানুষের কাছে সহজলভ্য, আধুনিক ও কার্যকরভাবে পৌঁছে দিতে সরকার বহুমুখী উদ্যোগ বাস্তবায়ন করছে। এসব উদ্যোগের অংশ হিসেবে আগামী জুন-জুলাইয়ের মধ্যে 'হেলথ কার্ড' চালুর পরিকল্পনা রয়েছে, যার মাধ্যমে নাগরিকরা সুলভ মূল্যে বিভিন্ন সরকারি হাসপাতালে চিকিৎসাসেবা গ্রহণ করতে পারবেন।" ড. জিয়াউদ্দিন হায়দার বলেন, "দেশের কমিউনিটি ক্লিনিক ব্যবস্থা চালু থাকলেও এর সেবার মান ও সক্ষমতা আরও বৃদ্ধি করা প্রয়োজন। সেখানে পর্যাপ্ত চিকিৎসক, প্রয়োজনীয় ওষুধ এবং আধুনিক প্রযুক্তি নিশ্চিত করা গেলে প্রান্তিক জনগোষ্ঠী আরও সহজে ও দ্রুত স্বাস্থ্যসেবা পাবে।" ২ এর পাতায় দেখুন



## সারা দেশে হাম ও উপসর্গে আরও ৯ শিশুর মৃত্যু

**কীর্তনখোলা ডেস্ক**

দেশে হাম ও হামের উপসর্গে শিশুমৃত্যুর সংখ্যা বেড়েই চলেছে। নতুন করে আরও ৯ শিশুর মৃত্যু হয়েছে। এর মধ্যে ছয় শিশু হামের উপসর্গে মারা গেছে। আর তিনজন হামে আক্রান্ত হয়ে মারা গেছে। মঙ্গলবার স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। এই হিসাব সোমবার সকাল ৮টা থেকে মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত। স্বাস্থ্য অধিদপ্তর ২ এর পাতায় দেখুন

## শপিংমল-দোকানপাট খোলা রাখার নতুন সময় নির্ধারণ

**কীর্তনখোলা ডেস্ক**

বিদ্যুৎ সংকট মোকাবিলায় সারা দেশে মার্কেট, বিপণি বিতান ও ব্যবসা প্রতিষ্ঠান সন্ধ্যা ৭টার মধ্যে বন্ধের বাধ্যবাধকতা করা হয়। তবে ঈদুল আজহা উপলক্ষ্যে মঙ্গলবার থেকে সেই সময়সীমা বাড়ানো হয়েছে। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, ঈদের দিন পর্যন্ত এসব প্রতিষ্ঠান রাত ১০টা পর্যন্ত খোলা রাখা যাবে। ঙ্গলবার (১০ মে) বাংলাদেশ দোকান মালিক সমিতির পক্ষ থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই নতুন সিদ্ধান্তের কথা জানানো হয়। বজ্ঞপ্তিতে বলা হয়, আসন্ন ঈদুল আজহা উপলক্ষ্যে ক্রেতা ও বিক্রেতাদের সুবিধার কথা বিবেচনা করে সরকার দোকানপাট খোলার রাখার সময় বর্ধিত করার সিদ্ধান্ত নিয়েছে। র আগে বিদ্যুৎ সংকট মোকাবিলায় মার্কেট, বিপণিবিতান ও ব্যবসা প্রতিষ্ঠান সন্ধ্যা ২ এর পাতায় দেখুন





# পবিপ্রবিতে ভিসি অপসারণ কর্মসূচিতে হামলা কৃষক ও নারীদলের আরো ৩ জন বহিষ্কার

**দুমকি প্রতিনিধি**

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পবিপ্রবি) শিক্ষকদের ওপর হামলার ঘটনায় এবার আরও দুই নেতাকে বহিষ্কার করেছে জাতীয়তাবাদী কৃষকদল। মঙ্গলবার (১২ মে) জাতীয়তাবাদী কৃষকদল কেন্দ্রীয় সংসদের দপ্তর থেকে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বহিষ্কৃতরা হলেন- দুমকি উপজেলা কৃষকদলের যুগ্ম সাধারণ সম্পাদক শামীম মীর এবং সহ-সাংগঠনিক সম্পাদক আব্দুল ওহাব। বিজ্ঞপ্তিতে বলা হয়, দলীয় নীতি, আদর্শ ও শৃঙ্খলা পরিপন্থী কর্মকাণ্ডে সরাসরি জড়িত থাকার সুস্পষ্ট অভিযোগের ভিত্তিতে তাদের সংগঠনের প্রাথমিক সদস্যপদসহ সকল পর্যায়ের পদ থেকে বহিষ্কার করা হয়েছে। এছাড়াও দলীয় নেতাকর্মীদের সঙ্গে কোনো ধরনের যোগাযোগ না রাখার অনুরোধ জানানো হয়। জাতীয়তাবাদী কৃষকদল কেন্দ্রীয় সংসদের সভাপতি কৃষিবিদ হাসান জাফির তুহিন এবং সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম বাবুল এ সিদ্ধান্ত অনুমোদন করেন। অপরদিকে শিক্ষকদের ওপর হামলার ঘটনায় এবার ২ এর পাতায় দেখুন


## দেশের মাটিতে প্রথমবার পাকিস্তান বধ, বাংলাদেশের নতুন ইতিহাস

**কীর্তনখোলা ডেস্ক**

দেশের মাটিতে প্রথমবারের মতো কোনো টেস্ট ম্যাচে পাকিস্তানকে হারানোর গৌরব অর্জন করল বাংলাদেশ। মিরপুর শেরে বাংলা স্টেডিয়ামে সফরকারীদের ১০৪ রানে হারিয়েছে নাজমুল হোসেন শান্তর দল। আর তাতেই নতুন ইতিহাস গড়ল টাইগাররা। সেইসঙ্গে ২ ম্যাচের টেস্ট সিরিজে ১-০ ব্যবধানে এগিয়ে গেল লাল-সবুজের প্রতিনিধিরা। পাকিস্তানের বিপক্ষে প্রথম টেস্ট ম্যাচ জয়ের জন্য ২৩ বছর অপেক্ষা করতে হয়েছে বাংলাদেশকে। এই দুই দশকেরও বেশি সময়ে টানা ১১টি ২ এর পাতায় দেখুন



নৌপরিবহন প্রতিমন্ত্রী রাজিব আহসান এমপিকে জেলা ছাত্রদলের আহ্বায়ক তৌফিকুল ইসলাম ইমরানের নেতৃত্বে ফুলেল শুভেচ্ছা জানানো হয় -কীর্তনখোলা






# নির্মাণ কাজ পরিদর্শনে নৌপরিবহন প্রতিমন্ত্রী রাজিব আহসান

**নুরে রাব্বি নাঈম , মেহেন্দিগঞ্জ**

মেহেন্দিগঞ্জ উপজেলার প্রাণকেন্দ্র পাতারহাট-উলানিয়া সড়ক সড়ক নির্মাণ কাজ পরিদর্শন করেন নৌপরিবহন প্রতিমন্ত্রী রাজিব আহসান এমপি। মঙ্গলবার সকালে সড়কে পায়ে হেঁটে চলমান কাজ পরিদর্শন করেন। এসময় প্রতিমন্ত্রী রাজিব আহসান এমপি ঠিকাদার ও ইঞ্জিনিয়ারদের উদ্দেশ্যে বলেন, কাজের মান ঠিক রাখতে হবে। কোনো প্রকার অনিয়ম প্রমাণিত হলে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। কাজের গুনগুন মান নিয়ে কোনো ছাড় দেওয়া হবে না। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ রিয়াজুর রহমান, উপজেলা প্রকৌশলী সাইফুল ইসলাম রাকিব, সাব-এসিষ্টেন ইঞ্জিনিয়ার মিরাজ হোসেন, উপজেলা বিএনপির আহবায়ক গিয়াস উদ্দিন দিপেন, সদস্য সচিব সিহাব আহামেদ সেলিম, সিনিয়র যুগ্ম আহবায়ক আসাদুজ্জামান মুক্তা, পৌর বিএনপির সদস্য সচিব রিয়াজ উদ্দিন চৌধুরী দিনু মিয়া,পৌর বিএনপির সাবেক সভাপতি জিয়া উদ্দিন সুজন, বরিশাল উত্তর জেলা যুবদলের ২ এর পাতায় দেখুন

# কমপ্লিট শাটডাউনে ববি, ক্লাস পরীক্ষা নেননি শিক্ষকরা

**কীর্তনখোলা রিপোর্ট**



বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের পদোন্নতির দাবিতে ক্লাস-পরীক্ষা বর্জন করে চলছে কমপ্লিট শাটডাউন। এমনকি শিক্ষকরা প্রশাসনিক দায়িত্ব থেকে পদত্যাগ করে আন্দোলন বেগবান করছেন। মঙ্গলবার (১২ মে) দ্বিতীয় দিনের মতো শিক্ষকেরা ক্যাম্পাসের জিরো পয়েন্টে জড়ো হয়ে অবস্থান নেন। এর আগে সোমবার (১১ মে) বেলা সাড়ে ১১টার দিকে আন্দোলনরত শিক্ষকরা বিশ্ববিদ্যালয় কর্মকর্তা-কর্মচারীদের অফিস কক্ষে তালা দেন। এর আগে তাদেরকে অফিস কক্ষ থেকে বের ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

**প্রতিনিধি আবশ্যক**

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

# সম্পাদকীয়

## কার্যকর নিয়ন্ত্রণ জরুরি

নিত্যপণ্যের বাজার দ্রুত অস্থিতিশীল হয়ে পড়ছে। পাইকারি বা খুচরা উভয় ক্ষেত্রেই দাম লাফিয়ে বাড়ছে। প্রকাশিত খবরে বলা হয়, গত তিন মাসে নতুন করে দাম বেড়েছে চাল, ডিম, ভোজ্যতেল, সবজি, মাছ-মাংস, এলপিজি গ্যাসসহ প্রায় সব পণ্যের। এতে নিম্নবিত্ত ও নিম্নমধ্যবিত্ত পরিবারগুলো সবচেয়ে বেশি বিপাকে পড়েছে। রাজধানীর খুচরা বাজারে গত তিন মাসের ব্যবধানে কয়েকটি সবজির দাম সর্বোচ্চ ১৬৭ শতাংশ পর্যন্ত বেড়েছে। রান্নায় ব্যবহৃত তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) ১২ কেজির সিলিন্ডারের দাম ৪৩ শতাংশ পর্যন্ত বেড়েছে। বাজারে পণ্যের দাম বাড়ানোর জন্য অজুহাতের অভাব হয় না। এখন বড় অজুহাত হচ্ছে মধ্যপ্রাচ্য যুদ্ধ। গত ১৯ এপ্রিল লিটারপ্রতি ডিজেলের দাম বাড়িয়ে ১১৫ টাকা করা হয়। ব্যবসায়ীদের দাবি, এ জন্য পরিবহন খরচ বেড়ে গেছে এবং জিনিসপত্রের দাম বেড়ে যাচ্ছে। আর সে কারণে কি বাজারে ফার্মের মুরগির ডিমের দাম ২২ শতাংশ পর্যন্ত বেড়ে গেছে? কিন্তু এই বৃদ্ধি কতটা যৌক্তিক, তা দেখার কোনো উদ্যোগ বা নিয়ন্ত্রণের ব্যবস্থা নেই। পণ্যের দামের ক্ষেত্রে পরিবহন খরচ বৃদ্ধি কত শতাংশ প্রভাব ফেলতে পারে, তা নির্ণয় করা হয় না। ফলে যে যার মতো সুবিধা নিচ্ছে। আবার সবজি ব্যবসায়ীরা বলছেন, বৃষ্টির কারণে সরবরাহ কমেছে এবং পরিবহন ব্যয় বেড়েছে। ফলে মৌসুমি সবজির উৎপাদন বাড়লেও দাম কমছে না। এ কারণে কাঁচা পেঁপের দাম ১৬৭ শতাংশ পর্যন্ত বাড়তে পারে? কিংবা বেগুনের দাম কেন ১০০ শতাংশ পর্যন্ত বাড়বে? গত বুধবার প্রকাশিত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) হালনাগাদ ভোক্তা মূল্যসূচক (সিপিআই) প্রতিবেদনে দেখা যায়, ২০২৬ সালের এপ্রিলে দেশের গড় মূল্যস্ফীতি বেড়ে দাঁড়িয়েছে ৯.০৪ শতাংশে, যা মার্চে ছিল ৮.৭১ শতাংশ। এই হার মানে গত বছরের এপ্রিল মাসে যে পণ্য বা সেবা ১০০ টাকায় কেনা যেত, তা কিনতে এখন খরচ করতে হচ্ছে ১০৯ টাকা চার পয়সা। ভোক্তারা এলপি গ্যাসের মূল্যবৃদ্ধি নিয়ে সবচেয়ে বেশি ভোগান্তি পোহাচ্ছে। সম্প্রতি দুই দফায় বাড়ানো হয়েছে এলপি গ্যাসের দাম। এতে ১২ কেজির সিলিন্ডারের দাম এক হাজার ৩৫৬ থেকে বেড়ে হয়েছে এক হাজার ৯৪০ টাকা। কিন্তু সেই দামেও সিলিন্ডার পাওয়া যায় না। দোকানগুলোতে দাম নেওয়া হয় দুই হাজার ২০০ টাকার মতো। এভাবে ক্রমাগত দাম বাড়লেও মানুষের আয় কি একই হারে বাড়ছে? না, বাড়ছে না। ফলে মানুষের ভোগান্তি বাড়ছে এবং কমছে শরীরের জন্য প্রয়োজনীয় পুষ্টির চাহিদা পূরণের ক্ষমতা। আবার অপুষ্টির শরীরে বাড়ছে রোগ-ব্যাধির হানা। শুধু তা-ই নয়, চিকিৎসার ব্যয়ও দ্রুত বাড়ছে। বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস) এক গবেষণায় উঠে এসেছে, সাধারণ মানুষের চিকিৎসা ব্যয়ের চাপ আশঙ্কাজনকভাবে বেড়েছে। বর্তমানে দেশের মোট স্বাস্থ্য ব্যয়ের প্রায় ৭৯ শতাংশই মানুষকে নিজের পকেট থেকে বহন করতে হচ্ছে। এতে দরিদ্র পরিবারগুলো সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাদের আয়ের প্রায় ৩৫ শতাংশ পর্যন্ত স্বাস্থ্য ব্যয়ে চলে যাচ্ছে। অনেক পরিবার চিকিৎসা করাতে গিয়ে নিঃস্ব হয়ে যাচ্ছে। আবার অনেকে অর্থাভাবে চিকিৎসাও নিচ্ছে না। গ্যাস্ট্রিক, রক্তচাপ, বাতজ্বর, হাঁপানি ও ডায়াবেটিসের মতো দীর্ঘমেয়াদি রোগে ভুগলেও ৮০ শতাংশের বেশি মানুষ চিকিৎসা নেয় না বলেও তথ্য পাওয়া যায়। অর্থনীতিবিদ ও ভোক্তা অধিকার সংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, কার্যকর বাজার তদারকি অত্যন্ত জরুরি। নিত্যপণ্যে কর-ভ্যাট কমাতে হবে। টিসিবি এবং ওএমএস কার্যক্রম বাড়ানোর পাশাপাশি মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্য নিয়ন্ত্রণে কার্যকর উদ্যোগ নিতে হবে।

## আগামী জুনের মধ্যে ‘হেলথ কার্ড’

তিনি আরও বলেন, “গ্রামীণ জনগোষ্ঠীর জন্য প্রাথমিক স্বাস্থ্যসেবা ব্যবস্থা আরও শক্তিশালী করা এখন সময়ের দাবি। নার্সিং পেশার গুরুত্ব তুলে ধরে তিনি বলেন, নার্সিং এখনো সমাজে যথাযথ মর্যাদার আসনে প্রতিষ্ঠিত হয়নি। এই পেশাকে সম্মানজনক ও আকর্ষণীয় পেশা হিসেবে গড়ে তুলতে হবে। ড. জিয়াউদ্দিন উল্লেখ করেন, আধুনিক ও আন্তর্জাতিক মানের প্রশিক্ষণের মাধ্যমে নার্সদের দক্ষ মানবসম্পদে রূপান্তর করা গেলে তারা বিদেশেও কর্মসংস্থানের সুযোগ পাবে, যা দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। বর্তমান চিকিৎসা শিক্ষা ব্যবস্থার সীমাবদ্ধতা তুলে ধরে তিনি বলেন, “দেশের মেডিকেল শিক্ষা অনেকাংশেই মুখস্থনির্ভর পদ্ধতির ওপর দাঁড়িয়ে আছে। এই ধারা থেকে বের হয়ে দক্ষতা, গবেষণা ও বাস্তবমুখী শিক্ষাব্যবস্থা গড়ে তোলা জরুরি।” সভায় সভাপতিত্ব করেন শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল ডা. এ কে এম মশিউল মুনীর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শেরে-ই-বাংলা মেডিকেল কলেজের অধ্যক্ষ ডা. মো. আনোয়ার হোসেন, বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউটের অধ্যাপক ডা. এস. এম. খালিদ মাহমুদ শাকিল এবং শেবাচিমের সহকারী পরিচালক ডা. মোহাম্মদ মাহমুদ হাসান।

## জুলাই জাদুঘরে স্বৈরাচারের

জুলাই গণ-অভ্যুত্থান যুগ যুগ ধরে বাঙালিদের অনুপ্রাণিত করবে এবং জাদুঘরটি হবে বাংলাদেশের মানুষের জন্য এক বিশাল সম্পদ বলে উল্লেখ করেন স্পিকার। তিনি শেখ হাসিনাকে বাংলাদেশের ইতিহাসে একজন ‘কলঙ্কিত ব্যক্তি’ হিসেবে অভিহিত করেন। হাফিজ উদ্দিন আহমদ বলেন, ‘অভ্যুত্থানের সময় তৎকালীন মাফিয়া শাসক শেখ হাসিনা যে সরাসরি তাঁর বাহিনীকে হত্যার নির্দেশ দিয়েছিলেন, সেই অডিও কল রেকর্ড এই জাদুঘরে সংরক্ষিত আছে। এই জাদুঘর যত দিন টিকে থাকবে, দেশের মানুষ শেখ হাসিনা ও আওয়ামী লীগের মুখে থুতু দেবে। গণতন্ত্র রক্ষার জন্য মানুষ যে হাসিমুখে জীবন দিতে পারে, এই জাদুঘর তারই প্রমাণ হিসেবে দাঁড়িয়ে থাকবে।’ স্পিকার বলেন, ‘এখানে বাঙালির দীর্ঘ সংগ্রামের মহৎ ইতিহাস একাত্তরের স্বাধীনতা যুদ্ধ, বিভিন্ন সময়ে স্বৈরাচারবিরোধী আন্দোলন এবং সর্বশেষ জুলাই-আগস্টের মহান গণ-অভ্যুত্থানের চিত্র অত্যন্ত চমৎকারভাবে ধারণ করা হয়েছে।’ স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বলেন, ‘এখানকার প্রদর্শনী দেখলে অশ্রু সংবরণ করা কঠিন। যেভাবে এ দেশের তরুণ ও শিশুরা গণতন্ত্রের জন্য জীবন দিয়েছে, তা সারা বিশ্বের জন্য এক অনন্য উদাহরণ হয়ে থাকবে। এখানে শহীদদের লেখা কিছু চিঠি সংরক্ষিত আছে, যা তাঁরা বুক পকেটে নিয়ে রাজপথে এসেছিলেন। তাঁরা জানতেন যে মৃত্যু হতে পারে, তবু তাঁরা হেসে হেসে মৃত্যুর মোকাবিলা করেছেন।’ স্পিকার বলেন, হেলিকপ্টার থেকে শিশুদের ওপর গুলি চালানো কিংবা আবু সাঈদ, মুগ্ধ ও ওয়াসিমের মতো ছাত্রদের হাসিমুখে বুক পেতে দেওয়ার দৃশ্যগুলো সবাইকে আবেগাপ্লুত করবে। ১৬ বছর ধরে শেখ হাসিনা ও তাঁর গোষ্ঠী যেভাবে পাতানো নির্বাচন ও লুটপাট চালিয়েছে, তার চিত্র এখানে দেখা যাবে। এই জাদুঘর যত দিন থাকবে, মানুষ এখানে এসে হত্যাকাণ্ডের নিন্দা জানাবে এবং গণতন্ত্র রক্ষার অনুপ্রেরণা লাভ করবে।

## কাঁটাতারের বেড়া দিয়ে

সীমান্তে আবারও নতুন করে কাঁটাতার দেওয়া হচ্ছে। সীমান্তে আমার দেশের জনগণকে হত্যা করে কেউ যদি বন্ধুত্বের কথা বলে তার সাথে বন্ধুত্ব সম্ভব না। কাঁটাতার দিয়ে কারও সাথে বন্ধুত্ব করা যায় না। এই কাঁটাতার সেই দেশের জনগণ একদিন উপড়ে ফেলে বাংলাদেশের জনগণের সাথে বন্ধুত্ব করবে। াজ (মঙ্গলবার) বিকেলে ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্সে এনসিপি সমর্থিত সংগঠন ন্যাশনাল ওলামা অ্যালায়েন্সের “শাপলা গণহত্যা; বিচারহীনতার এক যুগ” শীর্ষক আলোচনা সভা ও তথ্যচিত্র প্রদর্শনীতে এ কথা বলেন তিনি। তনি বলেন, বাংলাদেশের সীমান্তকে রক্ষা করার দায়িত্ব এই সরকারের। এই দেশের সরকার যদি ব্যর্থ হয়, জনগণ সেই দায়িত্ব নিজ হাতে তুলে নেবে। বাংলাদেশের সীমান্ত রক্ষা করার দায়িত্ব আমাদের। তনি আরও বলেন, বাংলাদেশের আমাদের নদীর যে পানির ন্যায্য হিস্যা, সেটা আদায় করার দায়িত্ব আমাদের। সরকারের প্রতি আমাদের আহ্বান থাকবে সরকার এই বিষয়গুলোতে দৃষ্টিপাত করবে। ংসদের বিরোধী দলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম বলেছেন, শাপলা গণহত্যার জন্য জবাবদিহি করতে হয়নি বলে চব্বিশে আরেকটা গণহত্যা হয়েছে। উভয় গণহত্যার প্রেক্ষাপট তৈরি করেছে অনেকে। গণহত্যাকে হেফাজতের তাণ্ডব বলে প্রচার করা হয়েছে, তাদের সন্ত্রাসী-জঙ্গি হিসেবে দেখানো হয়েছে।

## সংসদ নির্বাচনে কত টাকা

দিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। এর মধ্যে ২২৫ জন প্রার্থীকে অনুদান হিসেবে দেওয়া হয়েছে ৪ কোটি টাকা। বাকি টাকা খরচ হয়েছে নির্বাচনি প্রচারণাসহ অন্যান্য খাতে। মঙ্গলবার (১২ মে) ইসির সিনিয়র সচিব আখতার আহমেদের কাছে দলটির নির্বাচনি ব্যয়ের এ হিসাব জমা দেওয়া হয়। দলটির সহকারী সেক্রেটারি জেনারেল এহসানুল মাহবুব জুবায়ের এ হিসাবে জমা দেন। জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ারের সই করা ওই হিসাব বিবরণী অনুযায়ী, নির্বাচনে দলটির মোট ব্যয় হয়েছে ৪ কোটি ৪৯ লাখ ৪৭ হাজার ৯৭২ টাকা। এর মধ্যে ২২৫ জন প্রার্থীকে অনুদান হিসেবে দেওয়া হয়েছে ৪ কোটি টাকা, যেখানে প্রতি প্রার্থী দল থেকে দেড় থেকে ২ লাখ টাকা পেয়েছেন। এছাড়া দলটির নির্বাচনি ইশতেহার ডিজাইন ও ছাপা, সংবাদ সম্মেলন আয়োজন, আপ্যায়ন, নির্বাচনি সামগ্রী পরিবহন, কেন্দ্রীয় নেতৃবৃন্দের সফর এবং আইসিসিতে বিজ্ঞাপনের খরচ হিসেবে এই ব্যয় দেখিয়েছে জামায়াত। এর মধ্যে নির্বাচনি প্রচারণায় ২০ লাখ ৯০ হাজার ৮২৭ টাকা, পরিবহন খাতে ৮ হাজার ৭০০ টাকা, জনসভা ও সফর বাবদ ১৪ লাখ ১৭ হাজার ৫৯৯ টাকা, স্টাফ খরচ ২ লাখ ৮৫ হাজার ৯০২ টাকা এবং আবাসন ও প্রশাসনিক খাতে ৯ লাখ ৪৪ হাজার ৯৪৪ টাকা ব্যয় করেছে দলটি। এছাড়া বিবিধ খরচ হিসেবে আরও ২ লাখ টাকার হিসাব বিবরণীতে উল্লেখ করা হয়েছে।

## বিজিবি সতর্ক আছে, যাতে

তিনি বলেন, ‘ভারতের পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনের পর বিজিবিকে আমরা সতর্ক থাকার নির্দেশনা দিয়েছি। বিজিবি সতর্ক আছে, যাতে কোনো রকম পুশইন না হয়।’ মঙ্গলবার (১২ মে) সচিবালয়ে ঈদুল আজহা উপলক্ষে আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণ ও কোরবানির পশুরহাটের নিরাপত্তাসহ সার্বিক প্রস্তুতি বিষয়ে সভা শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। পশ্চিমবঙ্গে নির্বাচনের পর সেখানে মুসলমানদের নির্যাতন এবং এর জেরে বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর অত্যাচারের শঙ্কার বিষয়ে প্রশ্ন করা হলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ‘গণমাধ্যমে ওইভাবে আসে নাই, কিছু সোশ্যাল মিডিয়ায় পুরোনো চিত্র আসছে। ওখানে নির্যাতনের সেরকম কোনো ঘটনা আমাদের নজরে আসেনি। পররাষ্ট্র মন্ত্রণালয় আছে, আপনারা (সাংবাদিক) তাদের কাছে জিজ্ঞেস করতে পারেন, সেরকম কোনো পরিস্থিতি সৃষ্টি হয়েছে কি না।’ সীমান্তে ভারতের কাঁটাতারের বেড়া দেওয়া নিয়ে বাংলাদেশের সঙ্গে টানাপোড়েন শুরু হতে পারে কি না- জানতে চাইলে তিনি বলেন, ‘ভারতীয় সীমানার মধ্যে নো ম্যানস ল্যান্ড বজায় রেখে যদি দিতে চায় সেটা নিয়ে কূটনৈতিকভাবে আমাদের আলাপ-আলোচনা হবে, কিন্তু সেরকম কোনো ইস্যু ভারত সরকারের পক্ষ থেকে দেখিনি।’ কোনো দেশের অঙ্গরাজ্যের স্থানীয় নির্বাচনের ফলাফল কী হলো এবং এর প্রভাব কী হবে তা তাদের সম্পূর্ণ অভ্যন্তরীণ ব্যাপার বলেও মন্তব্য করেন সালাহউদ্দিন আহমদ। তিনি আরও বলেন, ‘অঙ্গরাজ্যের নির্বাচনের পর বিজয়ী দল কোনো বক্তব্য দিয়ে থাকলে আমাদের সার্বভৌম সমতার ভিত্তিতে আমরা এর জবাব দিতে পারি না। তবে ভারতের কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আমাদের জানালে কূটনীতিক পথে কথা হবে। সেটা পররাষ্ট্রমন্ত্রী কথা বলবেন। স্বরাষ্ট্রমন্ত্রী হিসেবে আমার দায়িত্ব সীমান্তে নিরাপত্তা নিশ্চিত রাখা। যাতে কোনো পুশইন না হয় সেটার ব্যবস্থা করা। বিজিবিকে আমরা সতর্ক থাকার নির্দেশনা দিয়েছি অনেক আগেই।’

## আমাদের সামর্থ্য সীমাহীন

রহমান। তিনি বলেছেন, শুধু পুঁথিগত শিক্ষাই নয়, বিশ্ববিদ্যালয়গুলো গবেষণা এবং উদ্ভাবনের দিকে মনোযোগ না দিলে প্রতিযোগিতামূলক বিশ্বে আমাদের টিকে থাকা কষ্টকর হয়ে পড়বে। আমাদের সামর্থ্য সীমাহীন না হলেও সীমিত সম্পদের কার্যকর ব্যবহারের মাধ্যমে অবশ্যই আমাদের পক্ষেও নতুন কিছু করা সম্ভব। ঙ্গলবার (১২ মে) সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন অডিটোরিয়ামে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ‘বাংলাদেশে উচ্চশিক্ষা রূপান্তর: টেকসই উৎকর্ষতার রোডম্যাপ’ শীর্ষক কর্মশালার আয়োজন করে। এতে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন।ৃধানমন্ত্রী বলেন, এসব আলোচনায় শিক্ষা ও গবেষণায় আমাদের বিশ্ববিদ্যালয়গুলো বৈশ্বিক মান বজায় রাখতে পারছে কি না- এমন একটি প্রশ্ন অনেকের আলোচনায় ফুটে উঠেছে। দুঃখজনক হলেও বাস্তবতা হচ্ছে, একবিংশ শতাব্দীতে শিক্ষা, গবেষণা ও জ্ঞানের উৎকর্ষতা অর্জনের ক্ষেত্রে বিশ্বখ্যাত বিশ্ববিদ্যালয় র‍্যাঙ্কিংয়ে আমাদের বিশ্ববিদ্যালয়গুলোর অবস্থান এখনো প্রত্যাশিত উচ্চতায় পৌঁছুতে পারেনি। মুখস্তবিদ্যা এবং সার্টিফিকেটনির্ভর শিক্ষা ব্যবস্থা থেকে বেরিয়ে আসতে হবে। তনি বলেন, র?্যাঙ্কিংয়ের ক্ষেত্রে সাধারণত গবেষণা প্রকাশনা, সাইটেশন এবং উদ্ভাবন এই বিষয়গুলোকেই বেশি গুরুত্ব দেওয়া হয়। সেক্ষেত্রে আমাদের অবস্থান কোথায়- এ বিষয়গুলো নিয়ে আমাদের শিক্ষাবিদরা নিশ্চয়ই আরও চিন্তাভাবনা করবেন। বেষণা ও উদ্ভাবনের গুরুত্ব তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, শুধু পুঁথিগত শিক্ষাই নয় বিশ্ববিদ্যালয়গুলো গবেষণা এবং উদ্ভাবনের দিকে মনোযোগ না দিলে প্রতিযোগিতামূলক বিশ্বে আমাদের টিকে থাকা কষ্টকর হয়ে পড়বে। বশ্ববিদ্যালয়ের গবেষণা ও উদ্ভাবন কার্যক্রমে সাবেক শিক্ষার্থীদের সম্পৃক্ত করার আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, বিশ্ববিদ্যালয়ে উদ্ভাবন কিংবা গবেষণা কার্যক্রম এগিয়ে নিতে সরকার অর্থ বরাদ্দ দেবে এটাই স্বাভাবিক। তবে আমি জানি, ব্রিটেনসহ বিশ্বের অনেক দেশেই যারা বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাই তাদের অনেকেই কিন্তু বিশ্ববিদ্যালয়ের গবেষণা এবং উদ্ভাবন কার্যক্রমকে এগিয়ে নিতে পৃষ্ঠপোষকতা করে থাকেন। শিক্ষার্থীরা হলো বিশ্ববিদ্যালয়ের প্রাণ, আর অ্যালামনাইরা হলো তার মেরুদণ্ড। াকা বিশ্ববিদ্যালয়সহ দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের দেশে-বিদেশে প্রতিষ্ঠিত অ্যালামনাইদের উদ্দেশে তিনি বলেন, সেসব অ্যালামনাইদের বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষা ও গবেষণা উন্নয়নে সম্পৃক্ত করার উদ্যোগ নেওয়ার জন্য আমি উপস্থিত শিক্ষাবিদদের প্রতি বিনীত আহ্বান জানাই।ৃধানমন্ত্রী বলেন, বিশ্ববিদ্যালয়গুলো থেকে প্রতিবছর লাখ লাখ শিক্ষার্থী বের হন। উচ্চশিক্ষা নিয়েও অনেককে বেকার থাকতে হয়। অর্থাৎ, বেকারত্বের হার উচ্চশিক্ষিতদের মধ্যে বেশি। তনি বলেন, এর কারণ সম্পর্কে নানা মত রয়েছে। তবে এ ব্যাপারে অনেকেই একমত যে, একাডেমিক শিক্ষা অর্জনের পাশাপাশি দক্ষতা অর্জন করতে না পারাই শিক্ষিতদের মধ্যে বেকারত্বের হার বেশির অন্যতম কারণ। প্রসঙ্গে তিনি বলেন, বর্তমান সরকার মনে করে, প্রাথমিক সিলেবাস থেকে শুরু করে উচ্চতর পর্যায় পর্যন্ত আমাদের শিক্ষা কারিকুলাম ঢেলে সাজানো এখন সময়ের দাবি।

## নির্মাণ কাজ পরিদর্শনে নৌপরিবহন

আহবায়ক সালাউদ্দিন পিপলু, উপজেলা যুবদলের আহবায়ক সৈয়দ নাঈম ইসলাম তুহিন, সদস্য সচিব মাজহারুল ইসলাম পারভেজ, পৌর যুবদলের আহবায়ক মামুন মিয়াজি, সদস্য সচিব আমজাদ পোদ্দার, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক ফখরুল ইসলাম সোহেল, সদস্য সচিব মাসুদ রানা, পৌর স্বেচ্ছাসেবক দলের আহবায়ক সিপন মিয়া, সদস্য সচিব আমিনুল ইসলাম রবীন, উপজেলা ছাত্রদলের আহবায়ক শাহাদাৎ হোসেন সোহাগ, পৌর ছাত্রদলের আহবায়ক তরিকুল ইসলাম, ঠিকাদার নিরব জমদ্দার সহ স্থানীয় নেতৃবৃন্দ। উল্লেখ্য গত কয়েকদিন যাবত পাতারহাট- উলানিয়া সড়ক নির্মাণ কাজ অনিয়মের অভিযোগে বিভিন্ন পত্রিকায় ও সামাজিক যোগাযোগ মাধ্যমে নিউজ ভাইরাল হয়েছে। বিষয়টি প্রতিমন্ত্রী রাজিব আহসান এর দৃষ্টিগোচর হওয়ায় নিজ নির্বাচনী এলাকায় এসেই উলানিয়া রাস্তার কাজ পরিদর্শন করেন প্রতিমন্ত্রী রাজিব আহসান এমপি।

## কমপ্লিট শাটডাউনে ববি, ক্লাস

করে দেওয়া হয়। শিক্ষকদের আন্দোলনের সঙ্গে একাত্মতা প্রকাশ করেছেন বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীরাও। সকাল থেকে দাবি আদায়ে আন্দোলনরত শিক্ষকরা প্রশাসনিক ভবনের নিচতলায় অবস্থান নেন। পরে তারা বিভিন্ন দপ্তরে গিয়ে কার্যক্রম বন্ধ রাখার অনুরোধ জানান। কর্মরতদের তাদের আন্দোলনে সম্পৃক্ত হওয়ার আহ্বান করেন। এছাড়া শিক্ষকদের একটি টিম প্রতিটি কক্ষে গিয়ে তালা দিয়ে কর্মকর্তা-কর্মচারীদের বের করে দেন। আন্দোলনরত শিক্ষকরা বলেন, শিক্ষকদের দাবি ও চলমান আন্দোলনের মধ্যে পদোন্নতি সংক্রান্ত জটিলতা সমাধানে গত ৩০ এপ্রিল উপাচার্য, বরিশাল বিভাগীয় কমিশনার ও আন্দোলনরত শিক্ষকদের প্রতিনিধিদের মধ্যে ত্রিপক্ষীয় বৈঠক হয়। সেখানে দাবি মেনে নেওয়ার বিষয়ে ইতিবাচক সিদ্ধান্ত হয়েছিল। কিন্তু ৯ মে সিন্ডিকেট সভা হলেও কোনো সমাধান হয়নি। এর প্রতিবাদে আন্দোলনরত শিক্ষকরা সভা করে কমপ্লিট শাটডাউনের ঘোষণা দেন। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা এবং প্রশাসনিক কাজ থেকে শিক্ষকদের পদত্যাগের সিদ্ধান্ত হয়। ২১ এপ্রিল শিক্ষকদের পদোন্নতির দাবিতে এ আন্দোলন শুরু হয়। শিক্ষকরা প্রথমে কর্মবিরতি, শাটডাউন এবং সর্বশেষ ২৮ এপ্রিল সংবাদ সম্মেলনে সর্বাত্মক অসহযোগ আন্দোলনের ঘোষণা দেন। এতে বিশ্ববিদ্যালয় অচল হয়ে যায়। শিক্ষার্থীরা জানান, শিক্ষকদের এই আন্দোলনের কারণে তারা লেখাপড়ায় পিছিয়ে পড়ছেন। সেশনজট আরও বৃদ্ধি পাচ্ছে। এভাবে চলতে থাকলে তাদের ভবিষ্যৎ অনিশ্চিত পথে এগোবে। দ্রুত এ সমস্যার সমাধান করে শিক্ষার্থীদের ক্লাস ও পরীক্ষা সচলের দাবি জানান তারা। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ তৌফিক আলম জানান, সিন্ডিকেটের সভা ইতিবাচক হয়েছে। এরপরও তারা আন্দোলন ডাক দিয়েছেন। শিক্ষকদের আলোচনার মাধ্যমে সমাধানে আসতে এবং ক্লাস-পরীক্ষা চালিয়ে নেওয়ার আহ্বান জানান উপাচার্য।

## শপিংমল-দোকানপাট খোলা

৭টার মধ্যে বন্ধের সিদ্ধান্ত নিয়েছিল সরকার। বিজ্ঞপ্তিতে সংগঠনটি জানায়, আমাদের আবেদনের প্রেক্ষিতে বিদ্যুৎ জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রী বাংলাদেশ দোকান মালিক সমিতিকে অবহিত করেন যে, ১২ মে থেকে ঈদুল আজহা পর্যন্ত মার্কেট, বিপণি বিতান ও ব্যবসা প্রতিষ্ঠানগুলো রাত ১০টা পর্যন্ত খোলা রাখার সময় বর্ধিত করা হয়েছে। তবে কোনো আলোকসজ্জা ও অতিরিক্ত বিদ্যুৎ ব্যবহার করা যাবে না বলেও সংবাদ বিজ্ঞপ্তিতে জানায় দোকান মালিক সমিতি।

## পবিপ্রবিতে ভিসি অপসারণ কর্মসূচিতে হামলা

বহিষ্কার করা হয়েছে পটুয়াখালী জেলা মহিলা দলের সদস্য হেলানা খানমকে। মঙ্গলবার (১২ মে) বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দল পটুয়াখালী জেলা কমিটির এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, দলীয় শৃঙ্খলা পরিপন্থি কর্মকাণ্ডে জড়িত থাকার সুস্পষ্ট অভিযোগের ভিত্তিতে হেলানা খানমকে দলীয় পদ থেকে বহিষ্কার করা হয়েছে। একই সঙ্গে দলের নেতাকর্মীদের তার সঙ্গে কোনো ধরনের সাংগঠনিক যোগাযোগ না রাখার নির্দেশ দেওয়া হয়েছে। জেলা মহিলা দলের সভাপতি আফরোজা বেগম সীমা ও সাধারণ সম্পাদক ফারজানা ইয়াসমিন রুমা এ সিদ্ধান্ত অনুমোদন করেন। এর আগে, একই ঘটনায় বিএনপি, যুবদল ও স্বেচ্ছাসেবক দলও কয়েকজন নেতাকে বহিষ্কার করে। বহিষ্কৃতদের মধ্যে রয়েছেন দুমকি উপজেলা বিএনপির কোষাধ্যক্ষ বশির উদ্দিন, উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক আহসান ফারুক ও সুলতান শওকত হোসেন এবং উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক মুসা ফরাজী। এছাড়া বহিষ্কৃত সাবেক যুবদল নেতা রিপন শরীফসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার আহ্বান জানানো হয়েছে। উল্লেখ্য, সোমবার সকালে পবিপ্রবির প্রশাসনিক ভবনের সামনে ভিসি ড. কাজী রফিকুল ইসলামের অপসারণ দাবিতে চলমান অবস্থান কর্মসূচিতে হামলার ঘটনা ঘটে। এতে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীসহ অন্তত ১০ জন আহত হন। আন্দোলনকারীদের অভিযোগ, বহিরাগতরা ক্যাম্পাসে প্রবেশ করে শিক্ষক ও কর্মকর্তাদের ওপর হামলা চালায়।

## দেশের মাটিতে প্রথমবার

ম্যাচ হেরেছে টাইগাররা। অবশেষে ২০২৪ সালে পাকিস্তানের মাটিতে গিয়ে মিলেছে প্রথম জয়ের দেখা। দুই ম্যাচের ওই সিরিজে ২-০ ব্যবধানেই জিতেছিল বাংলাদেশ। এবার মিরপুর টেস্টেও পাকিস্তানকে হারালেন শান্তরা। ২৬৮ রানের জবাবে ব্যাট করতে নেমে ইনিংসের প্রথম ওভারেই পাকিস্তানি ওপেনার ইমাম-উল হককে সাজঘরে ফেরান তাসকিন আহমেদ। তার করা বলে কটবিহাইন্ড হন ইমাম। আউট হওয়ার আগে করেন ৫ বলে ২ রান। আরেক ওপেনার আজান আওয়াইস করেন ৩৩ বলে ১৫ রান। আর দলনেতা নেতা শান মাসুমের ব্যাট থেকে আসে মাত্র ২ রান। ৬৮ রানে তিন উইকেট হারিয়ে চাপেই পড়েছিল পাকিস্তান। চতুর্থ উইকেটে জুটি গড়ে দলকে চাপমুক্ত করেন আব্দুল্লাহ ফজল ও সালমান আগা। এই জুটিতে আসে ৫১ রান। ফিফটির দেখা পাওয়া ফজলকে এলবিডব্লিউর ফাঁদে ফেলেন টাইগার স্পিনার তাইজুল ইসলাম। ১১৩ বলে ১১টি চারের সাহায্যে ৬৬ রান করেন ফজল। পরের ওভারেই সালমান আগাকে পরাস্থ করেন তাসকিন আহমেদ। সালমান করেন ৩৯ বলে ২৬ রান। ৫ উইকেট হারিয়ে আরও একবার চাপে পড়ে সফরকারীরা। ষষ্ঠ উইকেটে দলকে শঙ্কামুক্ত করার চেষ্টা চালান উইকেটরক্ষক ব্যাটার মোহাম্মদ রিজওয়ান ও সৌধ শাকিল। কিন্তু তাদের ক্রিজে থিতু দেননি টাইগার পেসার নাহিদ রানা। নিজের করা টানা দুই ওভারে শাকিল ও রিজওয়ানকে সাজঘরে পাঠান তিনি। এই দুই ব্যাটারই করেন ১৫ করে রান। এরপর ১ রান করে হাসান আলিকে এলবিডব্লিউর ফাঁদে ফেলেন তাইজুল ইসলাম। এর আগে, প্রথম টেস্টের চতুর্থ দিন শেষে দ্বিতীয় ইনিংসে ৩ উইকেটে ১৫২ রান করেছিল বাংলাদেশ। ৭ উইকেট হাতে নিয়ে ১৭৯ রানে এগিয়ে ছিল টাইগাররা। অধিনায়ক নাজমুল হোসেন শান্ত ৫৮ ও মুশফিকুর রহিম ১৬ রানে অপরাজিত ছিলেন। পঞ্চম দিন শান্ত ৮৭, মুশফিক ২২, লিটন দাস ১১, মেহেদি হাসান মিরাজ ২৪, তাইজুল ইসলাম ৩, তাসকিন আহমেদ ১১ রানে আউট হন। ৪ রানে অপরাজিত থাকেন এবাদত হোসেন। এ ছাড়া আগের দিন মাহমুদুল হাসান জয় ৫, সাদমান ইসলাম ১০ ও মুমিনুল হক ৫৬ রানে আউট হন। এরপর ১ রান করে হাসান আলিকে এলবিডব্লিউর ফাঁদে ফেলেন তাইজুল ইসলাম। পাকিস্তানের শেষ দুই উইকেট নেন নাহিদ। তাতেই ইনিংসে নিজের ফাইফার তুলে নেন এই ডানহাতি পেসার। মাত্র ৪০ রানের খরচায় পাঁচটি উইকেট নেন তিনি। এছাড়া দুটি করে উইকেট নেন তাসকিন আহমেদ ও তাইজুল ইসলাম। আর একটি উইকেট পেয়েছেন মেহেদী হাসান মিরাজ। মিরপুর টেস্টের প্রথম ইনিংসের ব্যাট করতে নেমে শান্তর সেঞ্চুরি ও মুমিনুল-মুশফিকের ফিফটিতে ৪১৩ রান করেছিল বাংলাদেশ। জবাবে আজান আওয়াইসের সেঞ্চুরি পাকিস্তান তোলে ৩৮৬ রান। প্রথম ইনিংসে ২৭ রানে এগিয়ে থাকা বাংলাদেশ নিজেদের দ্বিতীয় ইনিংসে ৯ উইকেটে ২৪০ রানে ইনিংস ঘোষণা করে। ফলে টার্গেট দাঁড়ায় ২৬৮ রান।

## সারা দেশে হাম ও উপসর্গে

জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ৮৭ জনের। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৭ হাজার ২৪ জনে। গত ২৪ ঘণ্টায় ঢাকায় নিশ্চিত হামে মৃত্যু হয়েছে তিনজনের। আর হামের উপসর্গে ঢাকা, চট্টগ্রাম, ময়মনসিংহ ও খুলনায় একজন করে এবং সিলেটে দুজনের মৃত্যু হয়েছে। ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামে আক্রান্ত হয়ে মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ৬৮ জনে। অন্যদিকে সন্দেহজনক হাম রোগে মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ৩৫৬ জনে। এখন পর্যন্ত হাম ও হামের উপসর্গে মোট মৃত্যুর সংখ্যা ৪২৪। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ শনাক্ত হয়েছে ১ হাজার ১০৫ জনের। এর মধ্যে হাসপাতালে ভর্তি হয়েছে ৯৩৯ জন। এই সময়ে হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ৮৮৫ জন।

## স্বাস্থ্যমন্ত্রী পরিদর্শনের পরদিনই

থেকে ছয়জন নারী ও দুজন পুরুষ দালালকে আটক করা হয়েছে। পরে তাদের জেলা প্রশাসনের ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে সাত দিনের কারাদণ্ড ও ১০০ টাকা করে জরিমানা করা হয়েছে। মেজর ইকরাম বলেন, দালাল চক্রের সদস্যরা হাসপাতাল এলাকার বিভিন্ন বেসরকারি ডায়াগনস্টিক সেন্টারের হয়ে কাজ করে। তারা হাসপাতালে চিকিৎসা নিতে আসা রোগীদের ফাঁদে ফেলে নিজস্ব ডায়াগনস্টিক সেন্টারে নিয়ে পরীক্ষা-নিরীক্ষার নামে অর্থ হাতিয়ে নেয়। র‍্যাবের এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। এর আগে সোমবার (১১ মে) হঠাৎ বরিশাল শের-ই-বাংলা মেডিকেল হাসপাতাল ও জেনারেল হাসপাতাল পরিদর্শন করেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী বীর মুক্তিযোদ্ধা সরদার মো. সাখাওয়াত হোসেন। এসময় তিনি হাসপাতালে অব্যবস্থাপনার পাশাপাশি দালাল চক্রের উপস্থিতি দেখে অসন্তোষ প্রকাশ করেন। এর পরদিনই দালালদের বিরুদ্ধে অভিযান চালালো র‍্যাব।

## মেয়াদোত্তীর্ণ ও নিষিদ্ধ স্টেরয়েড ওষুধ বিক্রি, ৯ দোকানিকে জরিমানা

**পিরোজপুর প্রতিনিধি**

পবিত্র ঈদুল আজহাকে সামনে রেখে পিরোজপুর জেলার বিভিন্ন উপজেলায় গবাদিপশুর ওষুধ ও পশুখাদ্য বিক্রয়কারী প্রতিষ্ঠানে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। অভিযানে মেয়াদোত্তীর্ণ ও নিষিদ্ধ স্টেরয়েড ওষুধ বিক্রি ও সংরক্ষণের অভিযোগে নয়টি ব্যবসা প্রতিষ্ঠানকে অর্থদণ্ড প্রদান করা হয়। বিষয়টি নিশ্চিত করেছেন জেলা প্রশাসকের কার্যালয়ের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট তানভীর আহমেদ জয়। মঙ্গলবার পিরোজপুর সদর উপজেলায় পরিচালিত মোবাইল কোর্টে গবাদিপশুর ওষুধ বিক্রয়কারী একটি দোকানে স্টেরয়েড জাতীয় ওষুধ ‘ডেক্সারেন’ সংরক্ষণ ও বিক্রির অপরাধে ২ হাজার টাকা জরিমানা করা হয়। একই সঙ্গে দোকান মালিককে স্টেরয়েড ওষুধের ক্ষতিকর প্রভাব সম্পর্কে অবহিত করে ভবিষ্যতে এ ধরনের ওষুধ বিক্রি না করার জন্য সতর্ক করা হয়। এদিকে একই দিনে নেছারাবাদ উপজেলায় ‘মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০’ এর আওতায় পরিচালিত পৃথক দুইটি মামলায় দুই ব্যক্তিকে মোট ৫ হাজার ৫০০ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়। অন্যদিকে, নাজিরপুর উপজেলায় পরিচালিত আরেকটি মোবাইল কোর্টে মেয়াদোত্তীর্ণ পশু ওষুধ বিক্রির দায়ে দুইটি দোকানকে মোট ৫ হাজার ৫০০ টাকা জরিমানা করা হয়। এ ছাড়া ভান্ডারিয়া উপজেলায়ও ‘মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০’ এর অধীনে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। এ সময় পৃথক চারটি মামলায় চারজনকে মোট ১০ হাজার ৫০০ টাকা অর্থদণ্ড দেওয়া হয়। মোবাইল কোর্ট পরিচালনার সময় উপজেলা প্রাণিসম্পদ অফিসার ডা. সুদেব সরকার সহযোগিতা করেন। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট তানভীর আহমেদ জয় জানান, কোরবানির পশু মোটাতাজাকরণে ক্ষতিকর ও নিষিদ্ধ ওষুধ ব্যবহার বন্ধ এবং নিরাপদ পশু উৎপাদন নিশ্চিত করতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। প্রশাসনের পক্ষ থেকে ব্যবসায়ীদের আইন মেনে চলার আহ্বান জানানো হয়েছে। তিনি বলেন, জনস্বাস্থ্য সুরক্ষা এবং নিরাপদ খাদ্য নিশ্চিত করতে ভেজাল ও ক্ষতিকর উপাদানের বিরুদ্ধে জেলা প্রশাসনের নজরদারি জোরদার করা হয়েছে। ভবিষ্যতেও অনিয়মের অভিযোগ পাওয়া গেলে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও তিনি সতর্ক করেন।

## বাংলাদেশি গরু ধরে নিয়ে যাওয়ার চেষ্টা বিএসএফের, স্থানীয়দের বাধা

**কীর্তনখোলা ডেস্ক**

লালমনিরহাটের পাটগ্রাম উপজেলার জোংড়া ইউনিয়নের ধবলগুড়ি সীমান্ত থেকে বাংলাদেশের গরু ধরে নিয়ে যাওয়ার চেষ্টা করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। পরে তা প্রতিহত করেন স্থানীয়রা। এ ঘটনাকে কেন্দ্র করে মঙ্গলবার (১২ মে) দুপুরে সীমান্ত এলাকায় চরম উত্তেজনা ছড়িয়ে পড়ে। পরে বিজিবির হস্তক্ষেপে পরিস্থিতি স্বাভাবিক হয়। স্থানীয় ও বিজিবি সূত্রে জানা যায়, দুপুর সাড়ে ১২টার দিকে ধবলগুড়ি সীমান্তের আন্তর্জাতিক মেইন পিলার ৮৭৩ সংলগ্ন ভারতীয় ভূখণ্ডে কয়েকটি বাংলাদেশি গরু ঘাস খাচ্ছিল। এসময় কয়েকজন বিএসএফ সদস্য এসে গরুগুলো ধরে নিয়ে যাওয়ার চেষ্টা করেন। বিষয়টি দেখতে পেয়ে স্থানীয় বাংলাদেশিরা জড়ো হয়ে তাদের বাধা দেন। এতে উভয় পক্ষের মধ্যে বাগবিতণ্ডা শুরু হয়। খবর পেয়ে বিজিবি সদস্যরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে স্থানীয়দের বুঝিয়ে শান্ত করেন। বিজিবির উপস্থিতিতে বিএসএফ সদস্যরাও পিছু হটে কাঁটাতারের ভেতরের দিকে চলে যান। ঘটনার সত্যতা নিশ্চিত করে জোংড়া ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য নজরুল ইসলাম জানান, বাংলাদেশি গরু ধরে নিয়ে যাওয়াকে কেন্দ্র করেই মূলত বিএসএফ সদস্যদের সঙ্গে স্থানীয়দের বাগবিতণ্ডা হয়েছিল। বিজিবি দ্রুত ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। বর্তমানে সীমান্ত এলাকার পরিস্থিতি সম্পূর্ণ শান্ত রয়েছে। এ বিষয়ে পাটগ্রাম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নাজমুল হক বলেন, ?‘বিএসএফ বাংলাদেশের একটি গরু ধরে নিয়ে যাওয়ার চেষ্টা করলে সীমান্তে উত্তেজনার সৃষ্টি হয়। খবর পেয়ে আমাদের পুলিশ সদস্যরা কাছাকাছি অবস্থানে ছিলেন। তবে সীমান্ত এলাকা হওয়ায় একেবারে জিরো পয়েন্টে যাননি। পরে পরিবেশ শান্ত হয়ে যায়।’ তিনি আরও বলেন, বিএসএফ কাউকে ধরে নিয়ে যায়নি। পুলিশ সদস্যরাও ফিরে এসেছেন। সার্বিক বিষয়ে জানতে ৬১ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল ফজলে মুনিমের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলে তার বক্তব্য পাওয়া যায়নি।

## ১০ দিনে দেশে রেমিট্যান্স এলো ১২৮ কোটি ডলার

**কীর্তনখোলা ডেস্ক**

মে মাসের প্রথম ১০ দিনে ১২৮ কোটি মার্কিন ডলার রেমিট্যান্স বা প্রবাসী আয় দেশে এসেছে। এই হিসাবে প্রতিদিন গড়ে প্রবাসীরা পাঠিয়েছেন ১২ কোটি ৮০ লাখ ডলার। মঙ্গলবার (১২ মে) বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র আরিফ হোসেন খান এ তথ্য জানিয়েছে। কেন্দ্রীয় ব্যাংকের তথ্য অনুযায়ী, চলতি অর্থবছরের ১০ মে পর্যন্ত সময়ে দেশে মোট ৩ হাজার ৬১ কোটি ৩০ লাখ ডলারের রেমিট্যান্স এসেছে, যা গত অর্থবছরের একই সময়ের তুলনায় ২০ দশমিক ৩০ শতাংশ বেশি। ব্যাংক সংশ্লিষ্টরা বলছেন, বৈধ পথে রেমিট্যান্স পাঠাতে সরকারের পক্ষ থেকে বিভিন্ন উৎসাহ এবং ডলারের বাজারভিত্তিক দর নির্ধারণের ফলে প্রবাসীরা ব্যাংকিং চ্যানেলে অর্থ পাঠাতে উৎসাহিত হচ্ছেন। এর আগে গত এপ্রিলে দেশে ৩১২ কোটি ৭৩ লাখ ডলার এবং মার্চে ৩৭৫ কোটি ৫০ লাখ ৫০ হাজার ডলার রেমিট্যান্স এসেছিল। পরিসংখ্যান বলছে, চলতি বছরের শুরু থেকেই রেমিট্যান্স প্রবাহ ঊর্ধ্বমুখী রয়েছে। গত ফেব্রুয়ারি ও জানুয়ারি মাসে যথাক্রমে ৩০২ কোটি ৭ লাখ এবং ৩১৭ কোটি ৯ লাখ ডলার দেশে পাঠিয়েছিলেন প্রবাসীরা।

## ইউরোপ ও অপ্রচলিত বাজারে পোশাক রপ্তানিতে বড় ধাক্কা

**কীর্তনখোলা ডেস্ক**

দেশের তৈরি পোশাক খাতে চলতি ২০২৫-২৬ অর্থবছরের প্রথম ১০ মাসে রপ্তানি আয় কমেছে ২ দশমিক ৮২ শতাংশ। এই সময়ে প্রধান বাজার ইউরোপীয় ইউনিয়নে (ইইউ) রপ্তানি কমেছে ৪ শতাংশের বেশি। মূলত তৈরি পোশাকের রপ্তানি বাজারে প্রায় অর্ধেক প্রতিনিধিত্ব করা এই দেশটিতে রপ্তানির বড় ধাক্কায় সার্বিকভাবে পোশাকের রপ্তানি কমে গেছে। রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) দেশভিত্তিক পোশাক রপ্তানির ওপর হালনাগাদ প্রতিবেদন থেকে এই তথ্য পাওয়া গেছে। প্রাপ্ত তথ্যমতে, অর্থবছরের জুলাই-এপ্রিল পর্যন্ত ১০ মাসে পোশাক রপ্তানি থেকে মোট আয় হয়েছে ৩১ দশমিক ৭২ বিলিয়ন ডলার। এর মধ্যে নিটওয়্যার রপ্তানি কমেছে ৩ দশমিক ৬৮ শতাংশ এবং ওভেন খাতে কমেছে ১ দশমিক ৮৩ শতাংশ। গত ১০ মাসে ইইউ অঞ্চলে ১৫ দশমিক ৫৪ বিলিয়ন ডলারের পোশাক রপ্তানি হয়েছে, যা মোট রপ্তানির প্রায় ৪৯ শতাংশ। এই অঞ্চলের আয় আগের বছরের একই সময়ের তুলনায় ৪ দশমিক ৩৮ শতাংশ কমেছে। এছাড়া অপ্রচলিত বা নন-ট্র্যাডিশনাল বাজারেও পোশাক রপ্তানি উল্লেখযোগ্য হারে কমেছে। অপ্রচলিত দেশগুলোতে ৫ দশমিক ১৬ বিলিয়ন ডলারের পোশাক রপ্তানির মাধ্যমে মোট রপ্তানি বাজারের ১৬ শতাংশের বেশি দখল রয়েছে। তবে গত অর্থবছরের প্রথম ১০ মাসের তুলনায় এবার একই সময়ে এসব বাজারে রপ্তানি আয় কমেছে ৫ দশমিক ৮৩ শতাংশ। খাত সংশ্লিষ্টরা বলছেন, প্রধান বাজার ইউরোপীয় ইউনিয়নে (ইইউ) রপ্তানিতে বড় ধরনের পতনই সামগ্রিক প্রবৃদ্ধিকে নেতিবাচক করেছে। এছাড়া অপ্রচলিত বাজারে রপ্তানি কমে যাওয়া এক্ষেত্রে কিছুটা নেতিবাচক ভূমিকা রেখেছে। তবে চলতি অর্থবছরের প্রথম ১০ মাসে যুক্তরাষ্ট্র, কানাডা ও যুক্তরাজ্যের বাজারে পোশাক রপ্তানি সামান্য বেড়েছে। বাংলাদেশের মোট পোশাক রপ্তানি বাজারে এই তিনটি দেশের অবদান যথাক্রমে ১৯ দশমিক ৮৩ শতাংশ, ৩ দশমিক ৪৪ শতাংশ এবং ১১ দশমিক ৪৮ শতাংশ। আলোচিত ১০ মাসে যুক্তরাষ্ট্রে পোশাকের রপ্তানি শূন্য দশমিক ৯৮ শতাংশ বেড়ে ৬ দশমিক ২৯ বিলিয়ন ডলার, কানাডায় ৩ দশমিক ৬৯ শতাংশ বেড়ে ১ দশমিক শূন্য ৯ বিলিয়ন ডলার এবং যুক্তরাজ্যে শূন্য দশমিক ৩০ শতাংশ বেড়ে ৩ দশমিক ৬৪ বিলিয়ন ডলারে উন্নীত হয়েছে। বিশ্লেষকদের মতে, ইউরোপে অর্থনৈতিক ধীরগতি, উচ্চ মূল্যস্ফীতি এবং ভোক্তাদের ব্যয় সংকোচনের কারণে পোশাকের চাহিদা কমেছে। ফলে আন্তর্জাতিক ক্রেতা ও ব্র্যান্ডগুলো নতুন অর্ডার দেওয়ার ক্ষেত্রে সতর্ক অবস্থান নিয়েছে, যার প্রভাব পড়েছে বাংলাদেশের রপ্তানিতে। বৈশ্বিক বাজার পরিস্থিতির উন্নতি না হলে আগামী মাসগুলোতেও পোশাক খাতে চাপ অব্যাহত থাকতে পারে বলে মনে করছেন তারা। একই সঙ্গে উৎপাদন ব্যয় বৃদ্ধি, জ্বালানি সংকট এবং আন্তর্জাতিক বাজারে মূল্য প্রতিযোগিতাও বাংলাদেশের পোশাক খাতের জন্য বড় চ্যালেঞ্জ হয়ে উঠেছে।

## আমতলীতে জেলেদের মাঝে

ইউপি সদস্য মো.খোকন, মৎস্য অফিসের প্রতিনিধি মো. আরিফ প্রমুখ। আমতলী উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কার্যালয় সূত্র জানায়, জাটকা (ছোট ইলিশ) শিকার করা নিষেধ। জাটকা ইলিশ আহরণ থেকে বিরত রাখতে সরকার দুস্থ ও মৎস্যজীবীদের খাদ্য-সহায়তা দিচ্ছে। জাটকা (ছোট ইলিশ) শিকার করা নিষেধ থাকা অবস্থায় প্রত্যেক জেলে-পরিবারকে প্রতি মাসে ৪০ কেজি করে খাদ্য সহায়তা হিসাবে চাল দেওয়া হয়। মঙ্গলবার আমতলী সদর ইউনিয়নের ৩৮০জন জেলেকে দুই মাসের ৮০ কেজি করে এবং গুলিশাখালী ইউনিয়নের ৮১৫ জণ জেলেকে দুই মাসের ৮০ কেজি করে চাল বিতরণ করা হয়েছে। আমতলী সদর ইউনিয়ন পরিষদ প্রশাসক মো. মঞ্জুরুল হক কাওসার বলেন, জাটকা ইলিশ আহরণ থেকে বিরত ৩৮০ জেলেকে দুই মাসের জেলে প্রতি ৮০কেজি করে চাল বিতরণ করা হয়েছে।

## কাউখালীতে আন্তর্জাতিক নার্সেস

অনুষ্ঠিত হয়।এতে স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা, নার্সিং কর্মকর্তা-কর্মচারী ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশগ্রহণ করেন। আলোচনা সভায় বক্তব্য রাখেন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডাঃ মোঃ নাহিদ হাসান শাওন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের এম ও ডি সি ডাঃ অমৃতা সরকার, সিনিয়র স্টাফ নার্স ফারজানা মুনমুন, উমা পাল, মোসাম্মৎ মেবিন, তানিয়া সুলতানা, সীমা মন্ডল, শ্রাবণী চক্রবর্তী প্রমুখ।

## বিএনপি নেতাদের নির্দেশে

১৫০ জন দেশীয় অস্ত্র নিয়ে হামলা চালান। তিনি আরও জানান, হামলায় তিনিসহ ৮-১০ জন আহত হন। এসময় তার ক্যামেরা, মাইক্রোফোন, নগদ অর্থ ও মোবাইল ছিনিয়ে নেন হামলাকারীরা। এ ঘটনায় তিনি দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান ভুক্তভোগীরা। সংবাদ সম্মেলনে চর কচুয়াখালীর কার্ডধারী জমির মালিকরা উপস্থিত ছিলেন। অভিযোগের বিষয়ে পশ্চিম চর উম্মেদ ইউনিয়নের বিএনপির সভাপতি নুরুউদ্দিন ও মোতাহার নগর ইউনিয়নের বিএনপির সাধারণ সম্পাদক মাইনুলের বক্তব্য জানতে চাইলে তারা দাবি করেন, এ বিষয়ে তারা কিছুই জানেন না। চরে দুই পক্ষ জমি নিয়ে বিরোধে তর্ক-বিতর্ক হলেও মারামিরর ঘটনা ঘটেনি।

## টঙ্গী থেকে নিখোঁজ তিন

থানার সাতাইশ ব্যাংকপাড়া এলাকা থেকে তারা নিখোঁজ হয়। শিশুদের স্বজনরা টঙ্গী পশ্চিম থানায় সাধারণ ডায়েরি (জিডি) করলে পুলিশের একটি দল উদ্ধার অভিযান শুরু করে। ওসি আরও বলেন, 'ঘটনাটি কীভাবে ঘটেছে ও শিশুদের সেখানে যাওয়ার পেছনের কারণ জানতে তদন্ত চলছে। তদন্ত শেষে এ বিষয়ে বিস্তারিত জানানো হবে।'

## স্ত্রীর পরকীয়ায় স্বামীর বিষপান

পড়ায় তাদের মধ্যে কলহ লেগে থাকতো। স্ত্রীকে পরকীয়া থেকে ফেরাতে ব্যর্থ হয়ে এর আগেও সাইদুল একাধিকবার আত্মহত্যার চেষ্টা করেছিলেন। মোবাইল ফোনে কথা বলা নিয়ে গত রোববার দুপুরে সাইদুলের সঙ্গে তার স্ত্রীর ঝগড়া হয়। ওই দিন বেলা ৩টার দিকে তিনি ঘরে ঢুকে বিষপান করে অসুস্থ হয়ে পড়েন। পরে বাড়ির লোকজন তাকে উদ্ধার করে মুলাদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ভর্তি করেন। সেখানে অবস্থার অবনতি হলে ওই দিনই সন্ধ্যায় তাকে বরিশাল শেবাচিম হাসপাতালে নেওয়া হয়। দুই দিন চিকিৎসাধীন থাকার পরে মঙ্গলবার দুপুরে তার মৃত্যু হয়। হিজলা থানার ওসি মো. সোলায়মান বলেন, বিষপানে অসুস্থ্য ব্যক্তির মৃত্যু হয়েছে। মরদেহ ময়নাতদন্ত শেষে পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। এঘটনায় থানা একটি অপমৃত্যু মামলা হয়েছে।

## চরফ্যাশনে মাদ্রাসাশিক্ষককে

আব্দুল্লাহ আল নোমান নামের এক মাদ্রাসাশিক্ষকের বিরুদ্ধে ছাত্র নিগ্রহের অভিযোগ তোলে একটি স্বার্থান্বেষী মহল। প্রত্যক্ষদর্শীদের ভাষ্যমতে, গভীর রাতে পরিকল্পিতভাবে গুজব ছড়িয়ে এলাকায় উত্তেজনা সৃষ্টি করা হয় এবং একটি 'মব' বা গণ-উন্মাদনা তৈরি করা হয়। একপর্যায়ে ওই শিক্ষককে অবরুদ্ধ করে তাঁর গলায় জুতার মালা পরিয়ে চরমভাবে মানসিক ও শারীরিকভাবে লাঞ্ছিত করা হয়। এই ঘটনার প্রতিবাদে মঙ্গলবার সকালে চরফ্যাশন সদর এলাকায় সর্বস্তরের জনতার ব্যানারে এক সমাবেশ ও মানববন্ধন কর্মসূচি পালিত হয়। এতে বিভিন্ন মাদ্রাসার শিক্ষক-শিক্ষার্থী, মসজিদের ইমাম এবং সাধারণ মানুষ অংশ নিয়ে সংহতি প্রকাশ করেন। মানববন্ধনে ওলামায়ে কেরাম বলেন, কোনো প্রকার তথ্য-প্রমাণ বা আইনি প্রক্রিয়া ছাড়াই একজন ধর্মীয় শিক্ষককে জনসম্মুখে এভাবে অপদস্ত করা মানবাধিকারের চরম লঙ্ঘন এবং মধ্যযুগীয় বর্বরতাকেও হার মানিয়েছে। তাদের অভিযোগ, একটি বিশেষ কুচক্রী মহল আলেম-ওলামাদের সামাজিকভাবে হেয় করতে এবং শান্ত এলাকাকে অশান্ত করার হীন উদ্দেশ্যে এই নাটক সাজিয়েছে। বক্তারা আরও উল্লেখ করেন, যদি কেউ অপরাধ করে থাকে তবে দেশে প্রচলিত আইন ও বিচার ব্যবস্থা আছে; কিন্তু আইন নিজের হাতে তুলে নিয়ে মব জাস্টিসের নামে সম্মানহানি করা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। সমাবেশ থেকে মুসলিম উম্মাহর ঐক্য এবং ধর্মীয় মূল্যবোধ রক্ষার তাগিদ দেওয়ার পাশাপাশি স্পর্শকাতর ইস্যুতে সাধারণ মানুষকে গুজব থেকে সজাগ থাকার আহ্বান জানানো হয়। একইসঙ্গে আগামী ২৪ ঘণ্টার মধ্যে এই ঘটনার মূল হোতাদের গ্রেফতার করা না হলে আরও কঠোর ও ধারাবাহিক আন্দোলনের হুঁশিয়ারি দেওয়া হয়।

## বাজার থেকে ইলিশ উধাও, জলবায়ু

আবারও মাছ শিকারে নেমেছেন জেলেরা। তবে নদীতে ইলিশ না পেয়ে হাহাকারে পড়েছেন এই বিশাল জনগোষ্ঠী। ভোলা সদর উপজেলার কাচিয়া ইউনিয়নের কাঠির মাথা, ধনিয়া ইউনিয়নের তুলাতলি, শিবপুর ইউনিয়নের ভোলার খাল, ভেদুরিয়া ইউনিয়নের হাজির হাটসহ বেশ কয়েকটি এলাকার জেলেদের সঙ্গে কথা হয় প্রতিবেদকের। এদের মধ্যে ভোলা সদর উপজেলার কাচিয়া ইউনিয়নের কাঠির মাথা গ্রামের জেলে মো. সৈয়দ মাঝি ও মো. মনির হোসেন মাঝি জানান, তারা দুইজন মিলে সকাল থেকে বিকেল পর্যন্ত সদরের তুলাতুলি মেঘনা নদীতে একটি নৌকা নিয়ে দুইবারে প্রায় ৫-৬ ঘণ্টা জাল ফেলেন। কিন্তু তাদের জালে একটিও ইলিশি ধরা পড়েনি। তবে বেশ কয়েকটি বিভিন্ন সাইজের বাটা ও ছুরা বা তাপসী মাছ পেয়েছেন। তা ঘাটে বিক্রি করে পেয়েছেন মাত্র ৫০০ টাকা। প্রায় ২০ বছর ধরে জেলে পেশায় থাকা এই দুই জেলে জানান, নদীতে অনেকবার ইলিশের হাহাকার ছিল। তখনও তারা ২-৪টি ইলিশ পেয়েছেন। কিন্তু এমন হাহাকার কখনোই হয়নি। এ নিয়ে দুশ্চিন্তায় তারা। তুলাতুলি গ্রামের জেলে মো. শাজাহান মাঝি ও মজনু মাঝি জানান, প্রতি বছর বৃষ্টি শুরু হলে ইলিশ ধরা পড়তো। কিন্তু এ বছর মে মাসে প্রচুর বৃষ্টিপাত হলেও এখন পর্যন্ত তাদের জালে ইলিশ ধরা পড়ছে না। এ বছরের মতো এমন খরা কখনোই তারা দেখেননি। নদীতে ইলিশের এমন সংকট হওয়ায় বিপাকে পড়েছেন তারা। ভোলার খাল এলাকার জেলে মো. রাসেল মাঝি ও নজরুল মাঝি বলেন, 'ক'দিন আগে নদীতে নিষেধাজ্ঞা শেষ হয়েছে। ওই সময় অনেক ধার-দেনা করে সংসার চালিয়েছি। আজ বেশ কয়েকদিন ধরে ইলিশ পাচ্ছি না। এতে সংসার চালানো মুশকিল হয়ে পড়েছে। এনজিওর কিস্তি পরিশোধ করতেও পারছি না। প্রতিদিনই সংসার ও সমিতির কিস্তির চাপে বিপাকে পড়ছি।' শহরের কিচেন মার্কেটের ক্রেতা মো. আরিফুর রহমান ও মো. হোসেন জানান, বাজারে এখন হাতেগোনা মাত্র ২-৩ জন ইলিশ নিয়ে আসেন বিক্রি করতে। তাও আবার মাত্র কয়েকটা ইলিশ। সেগুলো বিক্রি হয় উচ্চ মূল্যে। বাজারে ইলিশ এখন সোনার হরিণ। ইলিশের দাম বেশি হওয়ায় উচ্চবিত্তদের খাবারে পরিণত হয়েছে। অন্যদিকে মাছ বিক্রেতা মো. রুহুল আমিন ও মো. নাগর জানান, তারা আগে প্রতিদিন ইলিশ মাছ বাজারে বিক্রি করতেন। কিন্তু বেশ কয়েকদিন ধরে বিক্রি করতে পারছেন না। কারণ ঘাটে ইলিশের সংকট। জেলে মাছ নিয়ে এলে ডাক উঠলে দাম অনেক বেশি ওঠে। ঢাকা, বরিশাল ও চাঁদপুরের আড়তে যারা পাইকারি বিক্রি করেন, তারাই বেশি দাম দিয়ে কিনে নেন। তিনি বলেন, আমরা যারা লোকাল বাজারে বিক্রি করি, তারাতো বেশি দাম দিয়ে কিনে বিক্রি করতে পারবো না। তাই কিনতে পারি না। এজন্য এখন ছোট ছোট মাছ বাজারে বিক্রি হয়। তবে ইলিশ বিক্রি করলে অল্প সময়ের মধ্যে মাছ বিক্রি হয়ে যেত, আবার লাভও বেশি হতো। জেলা মৎস্য কর্মকর্তা মো. ইকবাল হোসেন জানান, জলবায়ু পরিবর্তনগত কারণে বর্তমানে নদীতে ইলিশ খুইব কম পাওয়া যাচ্ছে। তবে বৃষ্টিপাতের পরিমাণ যদি আরও বেশি বৃদ্ধি পায়, তাহলে নদীতে ইলিশ কিছুটা বৃদ্ধির সম্ভাবনা রয়েছে। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের ইলিশ গবেষক ড. মো. আনিসুর রহমান জানান, জুলাই থেকে নভেম্বরের মাঝামাঝি পর্যন্ত ইলিশের ভরা মৌসুম। তবে মে ও জুন মাসে বৃষ্টিপাত থাকায় নদীতে ইলিশের বেশ বিচরণ থাকে, কিন্তু সেটা ভরা মৌসুমের চেয়ে কম। এই ইলিশ গবেষক জানান, জলবায়ুর পরিবর্তনের কারণে বর্তমানে খুব কম পরিমাণ ইলিশ পাওয়া যাচ্ছে। তবে এ নিয়ে গবেষণা করে সঠিক ব্যবস্থা না নেওয়া হলে ইলিশ সম্পদ হুমকির মুখে পড়বে। এছাড়াও জাটকা ও মা ইলিশ ধরা পড়ার ফলে ধীর ধীরে ইলিশ উৎপাদনের ওপর প্রভাব পড়ে।

## যুক্তরাষ্ট্রকে পারমাণবিক অস্ত্র

রেজায়ি। মঙ্গলবার (১২ মে) সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক বার্তায় তিনি বলেন, ইরানের সামনে থাকা সম্ভাব্য বিকল্পগুলোর একটি হলো ৯০ শতাংশ বিশুদ্ধতায় ইউরেনিয়াম সমৃদ্ধ করা। বিষয়টি পার্লামেন্টে পর্যালোচনা করা হবে বলেও জানান তিনি। বিশেষজ্ঞদের মতে, ৯০ শতাংশ বিশুদ্ধতার ইউরেনিয়ামকে অস্ত্রমানের উপাদান হিসেবে বিবেচনা করা হয় এবং পারমাণবিক অস্ত্র তৈরির জন্য এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এর আগে সোমবার যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দাবি করেন, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যকার চলমান যুদ্ধবিরতি এখন টিকে থাকার শেষ পর্যায়ে রয়েছে। একই সঙ্গে তিনি ইরানের একটি প্রস্তাব প্রত্যাখ্যান করেন। এতে দুই দেশের মধ্যে চলমান কূটনৈতিক প্রচেষ্টার ভঙ্গুর অবস্থাই সামনে এসেছে। ট্রাম্প দাবি করেছিলেন, গত বছরের জুনে ১২ দিনের যুদ্ধে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলায় ইরানের পারমাণবিক স্থাপনাগুলো সম্পূর্ণ ধ্বংস হয়ে গেছে। এতে ইউরেনিয়াম সমৃদ্ধ করার সক্ষমতা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে বলেও মন্তব্য করেছিলেন তিনি। তবে বর্তমানে ৬০ শতাংশ সমৃদ্ধ প্রায় ৪০০ কেজি ইউরেনিয়ামের অবস্থান নিয়ে এখনো অনিশ্চয়তা রয়েছে। বিশেষজ্ঞরা বলছেন, এই মাত্রার ইউরেনিয়াম থেকে অস্ত্রমানের ৯০ শতাংশে পৌঁছাতে প্রযুক্তিগতভাবে খুব কম সময় লাগে। যুক্তরাষ্ট্রের গোয়েন্দা মূল্যায়নে বলা হয়েছে, ইরানের উচ্চমাত্রায় সমৃদ্ধ ইউরেনিয়ামের মজুত ধ্বংস বা দেশটির বাইরে সরিয়ে না নিলে তেহরানের পারমাণবিক কর্মসূচিকে কার্যকরভাবে থামানো সম্ভব হবে না। ফেব্রুয়ারির শেষ দিকে শুরু হওয়া যুক্তরাষ্ট্র-ইরান সংঘাত বন্ধে চলমান আলোচনায় পারমাণবিক ইস্যুই সবচেয়ে বড় বিরোধের বিষয় হয়ে উঠেছে। তেহরান চায়, পারমাণবিক ইস্যু পরে আলোচনা হোক। অন্যদিকে ওয়াশিংটনের দাবি, ইরানকে অবশ্যই উচ্চমাত্রায় সমৃদ্ধ ইউরেনিয়ামের মজুত বিদেশে সরিয়ে নিতে হবে এবং দেশীয়ভাবে ইউরেনিয়াম সমৃদ্ধকরণ কার্যক্রম বন্ধ করতে হবে।

## ইরানে হামলার ব্যাপারে বেশ

জানিয়েছেন, গত কয়েক সপ্তাহের চেয়ে এ মুহূর্তে হামলার ব্যাপারে তাকে সিরিয়াস মনে হচ্ছে। তারা বলেছেন, ইরান যেভাবে আলোচনা চালাচ্ছে এতে ট্রাম্প হতাশ হয়েছেন। অপরদিকে হরমুজ প্রণালি বন্ধ থাকায় তিনি অধৈর্য হয়ে গেছেন। তার মতে ইরানি নেতৃবৃন্দের মধ্যে বিভাজনের কারণে তারা পারমাণবিক কার্যক্রমের ব্যাপারে কোনো সিদ্ধান্ত নিতে পারছে না। আলোচনার সঙ্গে সংশ্লিষ্ট একটি সূত্র জানিয়েছে, ইরান যুদ্ধ বন্ধের প্রস্তাবের জবাবে যা বলেছে, এতে তাদের মধ্যে সন্দেহ তৈরি হয়েছে তেহরান কি সত্যিকার অর্থে আলোচনা চায় কি না। সূত্রগুলো বলেছেন, মার্কিন প্রতিরক্ষা মন্ত্রণালয়ের একটি অংশ ইরানের বিরুদ্ধে আবারও হামলা চালানোর জন্য বলছেন। তাদের মতে, হামলা হলে ইরান আরও দুর্বল হবে এবং তারা আলোচনার টেবিলে বসবে। তবে আরেক পক্ষ কূটনীতিকে আরও সময় দেওয়ার কথা বলছেন। যুক্তরাষ্ট্রের কিছু কর্মকর্তা পাকিস্তানের মধ্যস্থতার ধরন নিয়েও প্রশ্ন তুলেছেন বলে জানিয়েছে সূত্রগুলো। তারা বলেছেন, ট্রাম্প যে খুশি নন সেই বার্তা পাকিস্তান ইরানের কাছে পৌঁছে দিচ্ছে কি না এ নিয়ে তারা সন্দিহান। তারা আরও মনে করেন, ইরান যুক্তরাষ্ট্র সম্পর্কে যা বলে তার মধ্যে যেগুলো ইতিবাচক শুধুমাত্র সেগুলোই মার্কিনিদের কাছে বলা হয়। অর্থাৎ তারা ইতিবাচকভাবে সবকিছু তুলে ধরছে। যার সঙ্গে বাস্তবতার মিল নেই। তবে মধ্যপ্রাচ্যের এক কর্মকর্তা বলেছেন, ট্রাম্প বর্তমান আলোচনা যে নিয়ে সন্তুষ্ট নন সেটি ইরানকে জানিয়েছে পাকিস্তান ও মধ্যপ্রাচ্যের দেশগুলো। তারা সতর্কতা দিয়েছেন, এটিই কূটনীতির শেষ সুযোগ। তবে ইরান এসবে পাত্তা দিচ্ছে না বলে অভিযোগ করেন তিনি।

## নলছিটির আলোচিত মিলন হত্যা

তাকে উদ্ধার করে হাসপাতালে নেওয়া হলে চিকিৎসাধীন অবস্থায় ওই দিনই তার মৃত্যু হয়। নিহত মিলন একই এলাকার সেলিম হাওলাদারের ছেলে। এ ঘটনায় দায়ের করা হত্যা মামলার ওই তিন আসামিকে র?্যাব-৩-এর একটি দল রাজধানীর শাহবাগ এলাকায় অভিযান চালিয়ে গ্রেপ্তার করে শাহবাগ থানায় সোপর্দ করে। নলছিটি থানার ওসি মো. আরিফুল আলম এ তথ্য নিশ্চিত করে জানান, আমাদের অনুরোধে র?্যাব-৩ ওই তিন আসামিকে ঢাকার শাহবাগ এলাকা থেকে গ্রেপ্তার করে শাহবাগ থানায় সোপর্দ করেছে। আসামিদের নলছিটিতে আনার জন্য পুলিশের একটি দল ঢাকার উদ্দেশ্যে রওনা দিয়েছে।

## বেতাগী হাসপাতালের বাথরুমে

ছিলেন। পরে সকাল ৮টার দিকে তিনি ও আরও দুজন এগিয়ে গিয়ে তাকে উদ্ধার করেন। তবে সে সময় তিন-চারজন নার্স দায়িত্বে থাকলেও তারা সেখানে যেতে গড়িমসি করেন বলে অভিযোগ তার। তবে দায়িত্বরত নার্স রাজশ্রী এই অভিযোগ অস্বীকার করে বলেন, 'আমি খবর পেয়ে সঙ্গে সঙ্গেই ওখানে যাই এবং তাকে উদ্ধার করার জন্য লোকজন নিয়ে আসি।'

## সংযোগ সড়কের অভাবে চার বছর

পশ্চিম পাশে প্রায় ৫০ মিটার সংযোগ সড়কের কাজ দীর্ঘদিন শুরু হয়নি। ফলে এলাকাবাসীর চলাচলের জন্য সেতুটি কার্যত অচল হয়ে পড়ে আছে। স্থানীয়দের অভিযোগ, সংযোগ সড়ক না থাকায় মানুষ এখনো ঝুঁকিপূর্ণ বাঁশের সাঁকো ও কাঁচা রাস্তা ব্যবহার করতে বাধ্য হচ্ছেন। বিশেষ করে বর্ষা মৌসুমে দুই পাশ পানিতে ডুবে গেলে যোগাযোগ ব্যবস্থা পুরোপুরি বিচ্ছিন্ন হয়ে পড়ে। এতে সবচেয়ে বেশি ভোগান্তিতে পড়ছেন স্কুলগামী শিক্ষার্থী, অসুস্থ রোগী ও বয়স্ক মানুষজন। জানা গেছে, সেতুর পশ্চিম পাশে একটি আশ্রয়ণ কেন্দ্র রয়েছে, যেখানে অন্তত ৬০টি পরিবার বসবাস করছে। এছাড়া খাজুরা আশ্রয়ণ সরকারি প্রাথমিক বিদ্যালয়, খাজুরা, বাহামকান্দা, ফাঁসিপাড়া ও কলইপাড়াসহ পশ্চিমাঞ্চলের কয়েকটি গ্রামের মানুষ ইউনিয়ন পরিষদ, মহাসড়ক, কুয়াকাটা বাসস্ট্যান্ড এবং উপজেলা ও জেলা শহরে যাতায়াতের জন্য এই সেতুর ওপর নির্ভরশীল। এলাকার মাধ্যমিক শিক্ষার্থীরাও পূর্বপাড়ের আলহাজ্ব আবু হানিফ খান মাধ্যমিক বিদ্যালয়ে যেতে এ পথ ব্যবহার করে থাকে। ফাঁসিপাড়া গ্রামের বাসিন্দা ষাটোর্ধ আয়েশা বেগম বলেন, আমার নাতনি সোনিয়া ষষ্ঠ শ্রেণিতে পড়ে। এখন পানি কম থাকায় বাঁশের সাঁকো দিয়ে যাওয়া যায়। কিন্তু বর্ষায় দুই পাশ ডুবে যায়। তখন খুব কষ্ট হয়, অনেক সময় স্কুলেও যেতে পারে না। খাজুরা আশ্রয়ণ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের তৃতীয় শ্রেণির ছাত্র জাকারিয়া বলে, পানি ভেঙে আর বাঁশের সাঁকো পার হয়ে স্কুলে যেতে খুব ভয় লাগে। সেতুর পশ্চিম পাশের বাসিন্দা স্বপন হাওলাদার বলেন, সংযোগ সড়কের জন্য ঘরের সামনে মাটি কেটে রাখা হয়েছে। বৃষ্টিতে সেখানে পানি জমে থাকে। ছোট সন্তান নিয়ে আতঙ্কে থাকতে হয়। আশ্রয়ণ সমবায় সমিতির সভাপতি মো. জাহাঙ্গীর হোসেন জানান, তিন বছর আগে এ এলাকায় পানিতে ডুবে স্কুলগামী দুই শিশুর মৃত্যু হয়েছিল। এরপরও দীর্ঘদিন ধরে সেতুটি অপূর্ণ অবস্থায় পড়ে রয়েছে। স্থানীয়দের ভাষ্য, আশ্রয়ণ প্রকল্পের বাসিন্দা, শিক্ষার্থী এবং আশপাশের কয়েকটি গ্রামের মানুষের নিরাপদ যাতায়াত নিশ্চিত করতে প্রকল্পটি হাতে নেওয়া হলেও সংযোগ সড়কের অভাবে প্রায় ৩ কোটি টাকার সেতুটি এখন জনদুর্ভোগের কারণ হয়ে দাঁড়িয়েছে। এলজিইডি কলাপাড়া উপজেলা প্রকৌশলী কার্যালয় সূত্রে জানা যায়, ২০২২ সালের ১০ ফেব্রুয়ারি পটুয়াখালী চেম্বার্স অব কমার্স অ্যাসোসিয়েশনের সভাপতি ও ঠিকাদার গিয়াস উদ্দিন কাজটির কার্যাদেশ পান। পরে তিনি কাজটি অন্যের কাছে হস্তান্তর করেছেন বলে অভিযোগ রয়েছে। প্রকল্পটির কাজ শেষ হওয়ার কথা ছিল ২০২৩ সালের ৯ মে। নির্ধারিত সময়ে কাজ শেষ না হওয়ায় কয়েক দফা সময় বাড়িয়ে চলতি বছরের ৩১ মে পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। এ বিষয়ে এলজিইডি কলাপাড়া উপজেলা প্রকৌশলী মো. মনির হোসেন বলেন, নির্ধারিত সময়ে কাজ শেষ না হওয়ায় এলাকাবাসী ভোগান্তিতে পড়েছেন। তবে বর্তমানে সংযোগ সড়কের কাজ শুরু হয়েছে। আশা করছি মে মাসের মধ্যেই পুরো কাজ শেষ হবে।

## বাউফলের সেই ছাত্রী জানালো

রোববার সকালে তারা প্রতিদিনের মতো বিদ্যালয়ের উদ্দেশ্যে নিজ নিজ বাড়ি থেকে বের হয়। তবে বিদ্যালয় ছুটি হওয়ার দীর্ঘ সময় পরও তারা বাড়িতে না ফেরায় পরিবারের সদস্যরা উদ্বিগ্ন হয়ে পড়েন। আত্মীয়-স্বজনসহ সম্ভাব্য বিভিন্ন স্থানে খোঁজ নিয়েও তাদের সন্ধান না পেয়ে ওইদিন রাত ১২টার দিকে বাউফল থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি নং-৫৫৪) করা হয়। নিখোঁজ সানজিদার বাবা আব্দুল মন্নান গাজী জানান, আজ মঙ্গলবার (১২ মে) বিকেলে একটি অপরিচিত নম্বর থেকে তার মেয়ের সঙ্গে কথা হয়েছে। সানজিদা তাকে জানিয়েছে, তারা বর্তমানে ঢাকার কেরানীগঞ্জে আছে এবং এক 'আন্টি' তাদের নিয়ে গেছে। আগামীকাল বুধবার বিকেলে তারা বাড়ি ফিরে আসবে বলেও জানায়। নিখোঁজ অন্য তিন ছাত্রীর পরিবারও একই ধরনের তথ্য পাওয়ার কথা নিশ্চিত করেছে। পরিবারগুলোর দাবি, এখন পর্যন্ত কোনো পক্ষ থেকে মুক্তিপণ বা অন্য কোনো দাবি করা হয়নি। তবে তারা কেরানীগঞ্জে কার কাছে এবং কীভাবে পৌঁছাল, তা নিয়ে রহস্য রয়ে গেছে। বাউফল থানার পুলিশ জানায়, সাধারণ ডায়েরি হওয়ার পর থেকেই নিখোঁজ ছাত্রীদের উদ্ধারে তৎপরতা শুরু হয়। বর্তমানে তাদের অবস্থান নিশ্চিত হওয়া গেছে এবং তাদের নিরাপদে ফিরিয়ে আনার প্রক্রিয়া চলছে।

## নেছারাবাদে ৫ মামলার আসামি

গ্রামে। পুলিশ জানায়, গ্রেপ্তারকৃত রাসেল খানের বিরুদ্ধে থানায় পাঁচটি মামলা রয়েছে। এর মধ্যে একটি মামলায় তার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানাও ছিল। সোমবার রাতে তাকে গ্রেপ্তারের উদ্দেশে অভিযান চালানোর পাশাপাশি গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ জানতে পারে, ইন্দেরহাটের গ্রিনরোড এলাকায় ইয়াবার একটি চালান বিক্রি হচ্ছে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছালে আসামিরা পালানোর চেষ্টা করে। পরে ধাওয়া করে তাদের আটক করা হয়। এ সময় তল্লাশি চালিয়ে তাদের কাছ থেকে ২০ পিস ইয়াবা উদ্ধার করা হয়। নেছারাবাদ থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. মেহেদী হাসান জানান, মাদকের বিরুদ্ধে পুলিশের নিয়মিত অভিযান অব্যাহত রয়েছে। উদ্ধার হওয়া ইয়াবাসহ তিনজনকে আটক করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে মঙ্গলবার সকালে পিরোজপুর আদালতে পাঠানো হয়েছে।

## ওয়াটার ট্রিটমেন্টের অপেক্ষায় পৌরসভা

মন্ডলপাড়া, মাছিমপুর, কুমারখালীসহ অন্যান্য এলাকায় গত একমাস ধরে একেবারেই পানি না পাওয়ার অভিযোগ করেছে পৌরবাসী। পানি না পাওয়ার কারণে কোনো কোনো এলাকা থেকে ভাড়াটিয়ারা বাসা ছেড়ে দিচ্ছে বলে জানা গেছে। কয়েক বছর ধরে পানির সমস্যা থাকলেও গেলো কয়েক মাস ধরে পানির সমস্যা তীব্র আকার ধারণ করেছে। এদিকে নদী ও ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্টের পুকুর শুকিয়ে যাওয়ায় পিরোজপুর পৌরসভার একমাত্র শোধনাগারটি চরম সংকটে পড়েছে। এতে পৌরসভার প্রায় ২ লাখ বাসিন্দা চরম ভোগান্তির মধ্যে পড়েছেন। দিনে দুইবার দুই ঘণ্টা করে পানি সরবরাহের কথা থাকলেও বাস্তবে তা মিলছে না। তবে সাধারণ মানুষ মনে করছে দুর্নীতির কারণেই পানির সমস্যা এখন বড় আকার ধারণ করেছে। প্রতিবছর কয়েক কোটি টাকা গ্রাহকের কাছ থেকে পানির বিল উত্তোলন করা হয় একই সঙ্গে প্রতি অর্থবছরে পানির সমস্যা সমাধানে একটি মেইনটেনেন্স খরচ ও বরাদ্দ করা হয়। কিন্তু তারপরও বছরের পর পর দুর্ভোগ কাটছে না পৌরবাসীর। পৌরবাসী জানান, কয়েক বছর ধরে পানির সমস্যা থাকলেও গত এক মাস ধরে বেশি দেখা দিয়েছে। সবথেকে বেশি সমস্যায় পড়েছেন গৃহিণীরা। গৃহস্থালির কাজসহ রান্নার কাজও প্রায় বন্ধ। দোকান থেকে শুকনো খাবার কিনে খেতে হচ্ছে। পিরোজপুর পৌর এলাকার বাসিন্দা সুফিয়া বেগম বলেন, পানির সমস্যার কারণে জীবন শেষ হয়ে যাচ্ছে। পানির বিল সময়মতো নিয়ে যাচ্ছে কিন্তু পানি পাচ্ছি না। বাচ্চাকাচ্চা স্কুলে পাঠাইতে পারি না, তারা ঠিকমতো গোসল করতে পারছে না। এলাকায় কোনো পুকুর নাই। রান্নাবান্না করার মতো পানিও নেই। কয়েক বছর ধরে এই সমস্যা। বেশ কয়েক মাস ধরে এটা বেশি দেখা দিয়েছে। পৌরসভা কর্তৃপক্ষকে বারবার বলা সত্ত্বেও পানির সমস্যা সমাধান করছে না। পৌর এলাকার বাসিন্দা ও সরকারি সোহরাওয়ার্দী কলেজের শিক্ষার্থী সাদী মোহাম্মদ হিমেল বলেন, পানি না থাকার কারণে ঠিকমতো কলেজে যেতে পারি না। আমাদের এলাকায় বড় কোনো পুকুর নেই যে সেখানে গিয়ে গোসল করব। জামা কাপড় ধুতে না পারায় অনেক সমস্যা পড়েছি। এই সমস্যা কয়েক মাসের নয় বছরের পর বছর। কর্তৃপক্ষকে অনুরোধ করবো সমস্যাটি সমাধান করে ভোগান্তি কমানোর জন্য। পিরোজপুর পৌরসভার নির্বাহী প্রকৌশলী ধ্রুব লাল দত্ত বণিক বলেন, নদীতে পানি না থাকার কারণে পানযোগ্য পানির সমস্যা প্রকট হয়েছে। ফ্রান্স সরকারের সহায়তায় একটি ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের প্রজেক্ট চালু হওয়ার কথা রয়েছে। বাস্তবায়ন হলে পানি সমস্যা সমাধান হবে। চরম এই পানির সংকটে পিরোজপুর পৌরবাসীর দৈনন্দিন জীবন মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। দ্রুত কার্যকর উদ্যোগ না নিলে পরিস্থিতি আরও ভয়াবহ হতে পারে বলে আশঙ্কা করছেন স্থানীয়রা।

## গৌরনদীতে মাদক প্রতিরোধে

করা হয়। সভায় আরও উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) মোঃ মেহেদী হাসান, গৌরনদী মডেল থানার অফিসার ইনচার্জ তারিক হাসান রাসেল, বীর মুক্তিযোদ্ধা ও উপজেলা বিএনপির আহ্বায়ক সৈয়দ সরোয়ার আলম বিপ্লব, গৌরনদী প্রেসক্লাবের সভাপতি সিনিয়র সাংবাদিক জহুরুল ইসলাম জহিরসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ। উপজেলা প্রশাসন সূত্রে জানা যায়, গৌরনদী উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মোঃ ইব্রাহিম মাদক নির্মূল কার্যক্রমকে আরও কার্যকর ও জনমুখী করতে এ বিশেষ উদ্যোগ গ্রহণ করেন। সিদ্ধান্ত অনুযায়ী, মাদক সংক্রান্ত সুনির্দিষ্ট ও নির্ভরযোগ্য তথ্য প্রদানকারীদের ক্রেস্ট ও নগদ অর্থ পুরস্কারের আওতায় আনা হয়েছে। এর মাধ্যমে স্থানীয় জনগণকে মাদকবিরোধী কার্যক্রমে আরও সম্পৃক্ত করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। জামাল ফকির এলাকায় একজন মাদক ব্যবসায়ীকে ৫৩ পিস ইয়াবাসহ আটক করে পুলিশে সোপর্দ করেছে। সভায় ইউএনও মোঃ ইব্রাহিম বলেন, মাদক নির্মূল শুধু প্রশাসনের একক দায়িত্ব নয়, এটি একটি সামাজিক আন্দোলন। সমাজের প্রতিটি স্তরের মানুষকে এগিয়ে আসতে হবে। পরিবার থেকেই সন্তানদের সচেতন করে তুলতে হবে তাহলেই মাদকমুক্ত সমাজ গড়া সম্ভব।

## গৌরনদীতে ঋণে জর্জরিত

করেছেন। নিহত মানিক চক্রবর্তী শাওড়া গ্রামের মৃত জীবন কৃষ্ণ চক্রবর্তীর ছেলে। স্থানীয় ও মৃতের পারিবারিক সূত্রে জানা গেছে, মানিক চক্রবর্তী দীর্ঘদিন থেকে রাজলক্ষ্মী মোমবাতি কেমিক্যাল নামের একটি কোম্পানি পরিচালনা করে আসছিল। সম্প্রতি ব্যবসায়িক লোকসানের কারণে তিনি (মানিক) বিপুল পরিমাণ টাকা ঋণগ্রস্ত হয়ে পড়েন। পাওনাদারদের চাপের কারণে তিনি (মানিক) কয়েক দিন ধরে মানসিকভাবে ভেঙে পড়েন। সূত্রে আরও জানা গেছে, সোমবার সন্ধ্যা সাতটার দিকে পরিবারের সবার অজান্তে বসতঘরের পাশের একটি আম গাছের সঙ্গে গলায় ফাঁস লাগিয়ে মানিক চক্রবর্তী আত্মহত্যা করেন। মুমূর্ষু অবস্থায় তাকে উদ্ধার করে গৌরনদী উপজেলা হাসপাতালে নিয়ে এলে চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন। গৌরনদী মডেল থানার ওসি মো. তারিক হাসান রাসেল ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে।



## বাউফল গ্রাম আদালতের অগ্রগতি সমন্বয় সভা

**মাঈনউদ্দিন জিপু, বাউফল**

পটুয়াখালীর বাউফলে গ্রাম আদালত কার্যক্রমের অগ্রগতি বিষয়ে প্রশাসনিক কর্মকর্তা ও হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর সাথে ত্রৈমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১২ মে) সকাল ১১টায় বাউফল উপজেলা পরিষদ মিলনায়তনে এর আয়োজন করা হয়। বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ (৩য় পর্যায়) প্রকল্প স্থানীয় সরকার বিভাগ পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয় এর আওতায় উপজেলা প্রশাসন এর আয়োজন করে।

গ্রাম আদালতের উপজেলা সমন্বয়কারী নাজমা বেগম এর সঞ্চালনায় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী অফিসার সালেহ আহমেদ।

ওই সময় প্রধান অতিথি বলেন- কেন আমরা গ্রাম আদালতে যাবো, গ্রাম আদালত কিভাবে গ্রামের জনগনকে সহায়তা করতে পারে ও গ্রাম আদালত কি কি ধরনের বিরোধ নিস্পত্তি করতে পারে সে বিষয়ে সভায় অংশগ্রহণকারীদের ধারনা দেন। এছাড়া স্থানীয় জনপ্রতিনিধিদের গ্রাম আদলত সম্পর্কে ধারনা ও ইউনিয়ন পরিষদের বিচারিক কক্ষে বসে ফৌজদারি কার্যক্রম বিশেষ করে চুরি, দাঙ্গা, প্রতারণা, ঝগড়া বিবাদ মূল্যবান সম্পত্তি আত্মসাৎ করা অন্যায় নিয়ন্ত্রণ ও অন্যায় আটক ভয়ভীতি দেখানো ও হুমকি দেয়া কোন নারীর শালীনতাকে অমর্যদা বা অপমানের উদ্দেশ্যে কথা বলা, অঙ্গভঙ্গী করা বা অন্য কোন কাজ করা বিষয়ে আলোচনা করেন।

আয়োজিত সভায় ১৫টি ইউনিয়নের প্রশাসনিক কর্মকর্তা ও হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটরগন অংশ গ্রহন করেন।

## বিদ্যুৎস্পর্শে যুবদল নেতার মৃত্যু

**বরগুনা প্রতিনিধি**

বরগুনার পাথরঘাটায় বিদ্যুৎস্পর্শ হয়ে এক যুবদল নেতার মৃত্যু হয়েছে। মঙ্গলবার (১২ মে) সকালে উপজেলার হাতেমপুর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। ওই যুবদল নেতার নাম মো. আতিকুর রহমান শাহিন (৪০)। তিনি স্থানীয় সাবেক ইউপি সদস্য মৃত গনি মিয়ার ছেলে। তিনি পাথরঘাটা পৌর যুবদলের সাবেক যুগ্ম আহ্বায়ক ছিলেন। স্থানীয় সূত্রে জানা গেছে, সকালে বাড়ির সামনে থাকা মসজিদে পাম্পের মাধ্যমে পানি দেওয়ার সময় অসাবধানতাবশত বিদ্যুৎস্পৃষ্ট হন শাহিন। এতে তিনি গুরুতর আহত হলে স্বজনরা দ্রুত তাকে উদ্ধার করে পাথরঘাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। ঘটনার সত্যতা নিশ্চিত করে পাথরঘাটা থানার ওসি এনামুল হোসেন বলেন, এ ঘটনায় একটি অপমৃত্যুর মামলা দায়ের করা হয়েছে। আইনগত প্রক্রিয়া শেষে মরদেহ দাফনের অনুমতি দেওয়া হয়েছে।



## এআই দিয়ে আপত্তিকর ছবি তৈরি করে চাঁদা আদায়, গ্রেপ্তার ১

**কলাপাড়া প্রতিনিধি**

পটুয়াখালীর কলাপাড়ায় এআই দিয়ে নারী ও পুরুষের আপত্তিকর ছবি তৈরি করে চাঁদা আদায়ের অভিযোগে রিমন ইসলাম (২৫) নামের এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। সোমবার (১১ মে) সকালে নারায়ণগঞ্জের ফতুল্লা থানার মুসলিমনগর এলাকার একটি ভাড়া বাসা থেকে র‍্যাব-১১-এর সহায়তায় কলাপাড়া থানার সহকারী পুলিশ পরিদর্শক জাহিদুল ইসলামের নেতৃত্বে তাঁকে গ্রেপ্তার করা হয়। এর আগে ৬ মে রিমনসহ দুজনের নামে থানায় একটি চাঁদাবাজির মামলা করেন পৌর শহরের রহমপুর এলাকার ঠিকাদার নাসির উদ্দিন মোল্লা মিন্টু। সন্ধ্যায় রিমনকে থানায় নিয়ে আসা হলে উত্তেজিত জনতা থানার সামনে অবস্থান নেয়। এ সময় পুলিশ উপযুক্ত বিচারের আশ্বাস দিলে তারা থানা এলাকা ত্যাগ করে। অভিযোগকারী নাসির মোল্লা মিন্টু জানান, কয়েক দিন আগে রিমন ও তাঁর সহযোগী 'কলাপাড়ার সময়' নামের একটি ফেসবুক পেজে তাঁর নামে বাজে স্ট্যাটাস দেন। পরে এক নারীর সঙ্গে এআই দিয়ে তাঁর ছবি সংযুক্ত করে ওই পেজে প্রচার করেন এবং হোয়াটসঅ্যাপ ম্যাসেজের মাধ্যমে পাঁচ লাখ টাকা চাঁদা দাবি করেন। চাঁদা না দিলে এআই ভিডিও প্রকাশ করা হবে বলেও হুমকি দেন। কোনো উপায় না পেয়ে বিকাশের মাধ্যমে মিন্টু তাঁদের ধাপে ধাপে প্রায় এক লাখ টাকা প্রদান করেন। এরপরও হোয়াটসঅ্যাপের মাধ্যমে আরও চাঁদা দাবি করলে তিনি থানায় মামলা করেন। কলাপাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নজরুল ইসলাম বলেন, প্রাথমিক জিজ্ঞাসাবাদে আসামি চাঁদা দাবির ঘটনার সত্যতা স্বীকার করেছেন।

## হারিয়েছে

আমার এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল নম্বরপত্র হারিয়েছে। এসএসসি রেজিঃ নং- ২০১৫২৩৫৩৫৭, রোল নং- ১১০৪১৮, শিক্ষাবর্ষ- ২০২১/২২ ইং, শিক্ষা প্রতিষ্ঠানের নাম- বাউফল সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয়, ও এইচএসসি রেজিঃ নং- ২০১৫২৩৫৩৫৭, রোল নং- ২২৮১১৬, শিক্ষাবর্ষ- ২০২৩/২৪ ইং, শিক্ষা প্রতিষ্ঠানের নাম- বাউফল সরকারি কলেজ, উভয় শিক্ষাবোর্ড- বরিশাল। বরিশাল কোতয়ালী মডেল থানায় জিডি নং -৮৫৫/ তাং- ১১/০৫/২৬ ইং।

বিনীত
অনিক বরন শীল
০১৭০৭-২৮২৫২৯

দৈনিক
# কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বুধবার ॥ ১৩ মে ২০২৬ ॥ ৩০ বৈশাখ ১৪৩৩

## ইরানে হামলার ব্যাপারে বেশ জোরালোভাবে ভাবছেন ট্রাম্প

**কীর্তনখোলা ডেস্ক**
ইরানের সঙ্গে যুদ্ধ বন্ধের আলোচনায় অচলাবস্থা তৈরি হওয়ায় দেশটির ওপর আবারও হামলা চালানোর ব্যাপারে বেশ জোরালোভাবে ভাবছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। কয়েকটি সূত্র মঙ্গলবার (১২ মে) সংবাদমাধ্যম সিএনএনকে ৩ এর পাতায় দেখুন

## যুক্তরাষ্ট্রকে পারমাণবিক অস্ত্র তৈরির হুঁশিয়ারি দিল ইরান

**কীর্তনখোলা ডেস্ক**
ইরানের ওপর নতুন করে হামলা হলে দেশটি পারমাণবিক অস্ত্র তৈরির উপযোগী মাত্রায় ইউরেনিয়াম সমৃদ্ধ করার পথে যাবে বলে যুক্তরাষ্ট্রকে সতর্ক করেছেন ইরান পার্লামেন্টের জাতীয় নিরাপত্তা ও পররাষ্ট্রনীতি কমিশনের মুখপাত্র ইব্রাহিম ৩ এর পাতায় দেখুন



## ওয়াটার ট্রিটমেন্টের অপেক্ষায় পৌরসভা পানির অভাবে দিশাহারা বাসিন্দারা

**পিরোজপুর প্রতিনিধি**
পিরোজপুর পৌরসভার চারপাশে নদী ও খাল থাকলেও সুপেয় পানির তীব্র সংকটে ভুগছে পৌরবাসী। গরমের শুরুতেই এই সংকট ভয়াবহ আকার ধারণ করেছে। পানির অভাবে অতিষ্ঠ হয়ে অনেক ভাড়াটিয়া এলাকা ছেড়ে অন্যত্র চলে যাচ্ছেন। এদিকে কয়েক বছর ধরে ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট এবং বরাদ্দের দোহাই দিয়ে দায় এড়িয়ে যাচ্ছে পৌরসভা কর্তৃপক্ষ। দ্রুত পানির সমস্যা সমাধান করার দাবি পৌরবাসীর। পিরোজপুর পৌরসভাটি ১৫০ বছরের পুরোনো এবং প্রথম শ্রেণির হওয়ার পরও বছরের পর বছর ভোগান্তিতে রয়েছে পৌরবাসী। পৌরসভার ৯০ ভাগ রাস্তা ভাঙাচোরা থাকলেও বর্তমানে প্রকট আকার ধারণ করেছে পানির সমস্যা। সঠিকভাবে বিল দেওয়ার পরও পর্যাপ্ত পানি মিলছে না অনেক এলাকায়। সাহেবপাড়া ৩ এর পাতায় দেখুন

## বাজার থেকে ইলিশ উধাও, জলবায়ু পরিবর্তনকে দুষছেন গবেষকরা

**ভোলা প্রতিনিধি**
বৃষ্টিতেও ভোলার মেঘনা ও তেঁতুলিয়া নদীতে জেলেদের জালে মিলছে না কাঙ্ক্ষিত ইলিশ। এতে বিপাকে পড়েছে ভোলার প্রায় ৩ লাখ জেলে। ইলিশ ধরা না পড়ায় এর প্রভাব পড়েছে স্থানীয় বাজারেও। বাজারে ইলিশ কিনতে এসে খালি হাতে ফিরছেন ক্রেতারা। নদীতে ইলিশের এই খরা জলবায়ু পরিবর্তনের প্রভাব বলছেন ইলিশ গবেষকরা। ভোলার সাত উপজেলায় মেঘনা ও তেঁতুলিয়া নদীতে ইলিশসহ বিভিন্ন মাছ শিকার করে জীবিকা নির্বাহ করেন প্রায় ৩ লাখের বেশি জেলে। এদের মধ্যে সরকারিভাবে নিবন্ধিত জেলের সংখ্যা মাত্র ১ লাখ ৬৭ হাজার ৯৭০ জন। দীর্ঘ দুই মাসের সরকারি নিষেধাজ্ঞা শেষে ১ মে থেকে মেঘনা ও তেঁতুলিয়া নদীতে ৩ এর পাতায় দেখুন

## বাউফলের সেই চার ছাত্রী জানালো কেরানীগঞ্জে আছি



**বাউফল প্রতিনিধি**
পটুয়াখালীর বাউফল উপজেলায় বাড়ি থেকে স্কুলে যাওয়ার পথে নিখোঁজ হওয়া চার স্কুলছাত্রীর ৩২ ঘণ্টা পর সন্ধান পাওয়া গেছে। বর্তমানে তারা ঢাকার কেরানীগঞ্জে জনৈক এক নারীর হেফাজতে রয়েছে বলে পরিবারের কাছে তথ্য এসেছে। তবে উদ্ধার হয়ে এখনো তারা বাড়িতে না ফেরায় স্বজনদের মাঝে উদ্বেগ কাটেনি। নিখোঁজ শিক্ষার্থীরা হলো- বাউফলের নাজিরপুর-তাঁতেরকাঠি ইউনিয়নের নাজিরপুর ছোট ডালিমা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী সানজিদা আক্তার (১২), ইসমত জেরিন (১২), সানজিদা আক্তার রাইসা (১৩) এবং অন্য একটি বিদ্যালয়ের শিক্ষার্থী আয়েশা আক্তার (১৫)। স্বজন ও বিদ্যালয় সূত্রে জানা গেছে, গত ৩ এর পাতায় দেখুন




## চরফ্যাশনে মাদ্রাসাশিক্ষককে হেনস্থার প্রতিবাদে মানববন্ধন

**চরফ্যাশন প্রতিনিধি**
ভোলার চরফ্যাশনে এক মাদ্রাসাশিক্ষককে 'বলাৎকারের' অপবাদ দিয়ে গলায় জুতার মালা পরিয়ে লাঞ্ছিত করার ঘটনায় তীব্র ক্ষোভ ও উত্তেজনা বিরাজ করছে। মঙ্গলবার (১২ মে) সকালে এই ন্যাক্কারজনক ঘটনার প্রতিবাদে এবং জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মানববন্ধন করেছেন স্থানীয় ওলামায়ে কেরাম ও সর্বস্তরের তাওহীদি জনতা। বক্তারা এই ঘটনাকে আলেম সমাজের বিরুদ্ধে এক গভীর ষড়যন্ত্র হিসেবে অভিহিত করে অতি দ্রুত অপরাধীদের আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন। স্থানীয় সূত্রে জানা গেছে, গত শনিবার (৯ মে) দিবাগত রাতে মাওলানা ৩ এর পাতায় দেখুন

## স্ত্রীর পরকীয়ায় স্বামীর বিষপান দুইদিন পরে হাসপাতালে মৃত্যু

**হিজলা প্রতিনিধি**
বরিশালের হিজলায় স্ত্রীকে পরকীয়া প্রেম থেকে ফেরাতে না পেরে অভিমান বিষপান করার দুই দিন পরে সাইদুল সরদার (৪৫) নামের এক ব্যক্তির মৃত্যু হয়েছে। মঙ্গলবার (১২ মে) বেলা সাড়ে ১২টার দিকে বরিশাল শের ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। সাইদুল সরদার হিজলা-মুলাদী উপজেলার সীমান্তবর্তী চরপত্তনীভাঙা গ্রামের সামছুল হক সরদারের ছেলে। হিজলা থানার ওসি মো. সোলায়মান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। নিহতের বাবা সামছুল হক সরদার জানান, তার ছেলে সাইদুল সরদারের স্ত্রী পরকীয়ায় জড়িয়ে ৩ এর পাতায় দেখুন



## সংযোগ সড়কের অভাবে চার বছর ধরে অচল ৩ কোটি টাকার সেতু

**কলাপাড়া প্রতিনিধি**
পর্যটনকেন্দ্র কুয়াকাটা সংলগ্ন পটুয়াখালীর কলাপাড়া উপজেলার লতাচাপলি ইউনিয়নে প্রায় ৩ কোটি টাকা ব্যয়ে নির্মিত একটি আরসিসি স্লাব সেতু এখন এলাকাবাসীর দুর্ভোগের প্রতীকে পরিণত হয়েছে। সেতুর মূল কাঠামো নির্মাণ শেষ হলেও সংযোগ সড়ক না থাকায় দীর্ঘ চার বছর ধরে সেটি ব্যবহার অনুপযোগী অবস্থায় পড়ে রয়েছে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) সূত্রে জানা গেছে, দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্পের আওতায় লতাচাপলি ইউনিয়নের ২ ও ৩ নম্বর ওয়ার্ডের সীমান্তবর্তী খালের ওপর ৩৫ মিটার দৈর্ঘ্য ও ফুটপাতসহ ৭ দশমিক ৩২ মিটার প্রস্থের সেতুটি নির্মাণ করা হয়। প্রকল্পটির ব্যয় ধরা হয়েছে দুই কোটি ৯২ লাখ ২২ হাজার টাকা। সরেজমিনে দেখা গেছে, খালের ওপর সেতুর ঢালাই কাজ সম্পন্ন হলেও পূর্ব পাশে প্রায় ২০০ মিটার এবং ৩ এর পাতায় দেখুন

## নেছারাবাদে ৫ মামলার আসামিসহ তিন ইয়াবা কারবারি আটক

**নেছারাবাদ প্রতিনিধি**
পাঁচ মামলার আসামি মো. রাসেল খানসহ তিনজন ইয়াবা ব্যবসায়ীকে পিরোজপুরের নেছারাবাদ থানার পুলিশ গ্রেপ্তার করেছে। সোমবার (১১ মে) গভীর রাতে উপজেলার পূর্ব সোহাগদল গ্রামের ৭ নং ওয়ার্ডের গ্রিন রোডের সামনে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। এ সময় তাদের কাছ থেকে ২০ পিস ইয়াবা উদ্ধার করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ। গ্রেপ্তারকৃতরা হলেন মো. রাসেল খান (২৮), মো. মেহরাব হোসেন (২০) ও শাকির মোল্লা (২০)। রাসেল মৃত মনসুর আলীর ছেলে, মেহরাব মো. মিজানুর রহমানের ছেলে এবং শাকির মো. সালাম মোল্লার ছেলে। তাদের সবার বাড়ি উপজেলার দক্ষিণ কৌরিখাড়া ৩ এর পাতায় দেখুন

## কাউখালীতে আন্তর্জাতিক নার্সেস দিবস উপলক্ষ্যে র‍্যালি ও সভা

**কাউখালী প্রতিনিধি**
"আমাদের নার্স, আমাদের ভবিষ্যৎ জীবন রক্ষায় প্রয়োজন নার্সদের ক্ষমতায়ন" এই প্রতিপাদ্যকে সামনে রেখে পিরোজপুরের কাউখালীতে আন্তর্জাতিক নার্সেস দিবস-২০২৬ উদযাপন উপলক্ষে র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১২ মে) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স প্রাঙ্গণে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। দিবসটি উপলক্ষে স্বাস্থ্যসেবা ও নার্সিং পেশার গুরুত্ব তুলে ধরতে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। দিবসের শুরুতে একটি বর্ণাঢ্য র‍্যালি বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে আলোচনা সভা ৩ এর পাতায় দেখুন

## বিএনপি নেতাদের নির্দেশে সাংবাদিকের ওপর হামলার অভিযোগ

**লালমোহন প্রতিনিধি**
ভোলার লালমোহনের চর কচুয়াখালীতে ভূমিহীনদের জমি দখলের সংবাদ সংগ্রহ করতে গিয়ে হামলার শিকার হয়েছেন জাহিবুর রহমান সুমন হাওলাদার নামে এক সংবাদ কর্মী। তিনি বেসরকারি টেলিভিশন এশিয়ান টিভির ভোলা জেলা প্রতিনিধি। বিএনপি নেতাদের নির্দেশে এ হামলা হয় বলে অভিযোগ করেন তিনি। মঙ্গলবার (১২ মে) দুপুরের দিকে ভোলা প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে তিনি এসব অভিযোগ করেন। জাহিবুর রহমান সুমন হাওলাদার জানান, লালমোহন উপজেলার চর কচুয়াখালীতে ভূমিহীন ও সরকারি বন্দোবস্ত জমির মালিকরা চরে যেতে পারছেন না। এ ঘটনার পরিপ্রেক্ষিতে সোমবার (১১ মে) সকালে জমির মালিকরা প্রায় ৩০০ জন চরে যান। সেখানে সংবাদ সংগ্রহ করতে তিনিও যান। পরে সোখানে গেলে পশ্চিম চর উম্মেদ ইউনিয়নের বিএনপির সভাপতি নুরুউদ্দিন ও মোতাহার নগর ইউনিয়নের বিএনপির সাধারণ সম্পাদক মাইনুলের নির্দেশে ৩ এর পাতায় দেখুন




## টঙ্গী থেকে নিখোঁজ তিন শিশু বরিশালে উদ্ধার

**কীর্তনখোলা রিপোর্ট**
গাজীপুরের টঙ্গী থেকে নিখোঁজ হওয়া তিন শিশুকে বরিশাল থেকে উদ্ধার করেছে পুলিশ। উদ্ধার শিশুরা হলো- মিতু আক্তার (১২), কাইফা (১২) ও ইমাম মাহদী (৫)। মঙ্গলবার দুপুরে টঙ্গী পশ্চিম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ আরিফুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করেন। তিনি বলেন, 'দীর্ঘ প্রচেষ্টার পর সোমবার সকাল ৬টার দিকে বরিশাল জেলার কাজিরহাট থানার হেশাম উদ্দিন বাজার এলাকা থেকে তিন শিশুকে সুস্থ অবস্থায় উদ্ধার করা হয়েছে। মঙ্গলবার তাদেরকে পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।' গত ৯ মে বিকেল সাড়ে ৪টার দিকে টঙ্গী পশ্চিম ৩ এর পাতায় দেখুন



## আমতলীতে জেলেদের মাঝে খাদ্য-সহায়তার চাল বিতরণ

**আমতলী প্রতিনিধি**
বরগুনার আমতলী উপজেলার আমতলী সদর ইউনিয়ন ও গুলিশাখালী ইউনিয়নে জেলেদের খাদ্য-সহায়তার চাল বিতরণে করা হয়েছে। মঙ্গলবার সকাল ১০ টায় জেলে প্রতি দুই মাসের ৮০ কেজি করে চাল বিতরণ করা হয়। আমতলী খাদ্যগুদাম এলাকায় এই চাল বিতরনের সময় উপস্থিত ছিলেন, আমতলী সদর ইউনিয়ন পরিষদ প্রশাসক ও উপজেলা সমাজসেবা অফিসার মো. মঞ্জুরুল হক কাওসার. সদর ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা মো. জাকির হোসেন, মৎস্য অফিসের প্রতিনিধি হিমেলওআরিফ হোসেন ।অপর দিকেগুলিশাখালী ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মো. ফারুক আকন ৩ এর পাতায় দেখুন



## নলছিটির আলোচিত মিলন হত্যা মামলার ৩ আসামি গ্রেফতার

**নলছিটি প্রতিনিধি**
ঝালকাঠির নলছিটি উপজেলার শংকরপাশা এলাকায় দুর্বৃত্তদের পিটুনিতে নিহত মিলন হাওলাদার (২৮) হত্যা মামলার তিন আসামিকে ঢাকা থেকে গ্রেপ্তার করেছে র‍্যাব। সোমবার (১১ মে) বিকেলে ঢাকার শাহবাগ এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃতরা হলেন, বেল্লাল হাওলাদার, হারুন হাওলাদার ও শাহআলম হাওলাদার। তারা সবাই নলছিটি উপজেলার শংকরপাশা এলাকার মৃত ইসমাইল হাওলাদারের ছেলে। জানা গেছে, গত ৫ মার্চ বৃহস্পতিবার সকালে নলছিটি পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের শংকরপাশা এলাকায় আসামিরা মিলন হাওলাদারকে পিটিয়ে গুরুতর আহত করে ফেলে রেখে যায়। পরে মুমূর্ষু অবস্থায় ৩ এর পাতায় দেখুন

## বেতাগী হাসপাতালের বাথরুমে রোগীর মৃত্যু

**বরগুনা প্রতিনিধি**
বরগুনার বেতাগী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বাথরুমে পড়ে গিয়ে মো. তৈয়ব আলী (৬০) নামে এক রোগীর মৃত্যু হয়েছে। তার বাড়ি উপজেলার সদর ইউনিয়নের দক্ষিণপুর গ্রামে। মঙ্গলবার সকাল সাড়ে ৬টায় পেটে ব্যথা নিয়ে ওই রোগী হাসপাতালে ভর্তি হন। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, বাথরুমে তিনি বেশকিছু সময় থাকলে অন্য রোগীরা কর্তব্যরত নার্সদের খবর দেন। পরে রোগীর স্বজনেরা তাকে উদ্ধার করে বেডে নিয়ে আসেন। এ সময় দায়িত্বরত চিকিৎসক শাহরিয়ার হোসেন রুমন তাকে মৃত বলে ঘোষণা দেন। তিনি বলেন, 'এটি নিয়ে কোনো ধরনের বিভ্রান্তির কারণ নেই। হার্ট অ্যাটাক করেই রোগীর মৃত্যু হয়েছে।' এদিকে, ঘটনার সময় কর্তব্যরত নার্সদের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠেছে। নাম না প্রকাশের শর্তে এক প্রত্যক্ষদর্শী জানান, তৈয়ব আলী বেশ কিছু সময় ধরে বাথরুমে ৩ এর পাতায় দেখুন



## গৌরনদীতে ঋণে জর্জরিত ব্যবসায়ীর আত্মহত্যা

**গৌরনদী প্রতিনিধি**
ব্যবসায় লোকসানের কারণে ঋণের দায়ে জর্জরিত হয়ে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেছেন বরিশালের গৌরনদী পৌরসভার ৬ নম্বর ওয়ার্ডের রাজলক্ষ্মী মোমবাতি কেমিক্যালের মালিক মানিক চক্রবর্তী (৪৬)। সোমবার (১২ মে) সন্ধ্যা সাতটার দিকে পরিবারের সবার অজান্তে বসত ঘরের পাশের একটি আম গাছের সাথে গলায় ফাঁস লাগিয়ে সে (মানিক) আত্মহত্যা ৩ এর পাতায় দেখুন



গৌরনদীতে মাদক প্রতিরোধে ভূমিকা রাখায় সম্মাননা প্রদান করা হয় -কীর্তনখোলা

## গৌরনদীতে মাদক প্রতিরোধে ভূমিকা রাখায় সম্মাননা প্রদান

**গৌরনদী প্রতিনিধি**
মাদকবিরোধী কার্যক্রমে সক্রিয় সহযোগিতা করায় গৌরনদী উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সভায় নলচিড়া ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ জামাল ফকিরকে সম্মননা ক্রেস্ট প্রদান করেছে গৌরনদী উপজেলা প্রশাসন। একই সঙ্গে মাদক নির্মূল কার্যক্রমকে আরও গতিশীল ও জনসম্পৃক্ত করতে ব্যতিক্রমী ও উৎসাহমূলক উদ্যোগ গ্রহন করেছেন প্রশাসন। মংঙ্গল বার (১২ মে) সকালে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভায় জামাল ফকিরকে আনুষ্ঠানিকভাবে ক্রেস্ট প্রদান ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা। সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা। সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com